নবোদয়

বার্ষিকী- ২০২৩



SKS SCHOOL & COLLEGE
ESTD-2017
EIIN-138400

এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা

নবোদয় | Nabodoy
২০২৩



এসকেএস স্কুল এ্যান্ড কলেজ
SKS SCHOOL & COLLEGE

কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা-৫৭০০
ফোন: +৮৮-০২৫৮৮৮৭৭৬৩৩, মোবা: ০১৭৩০-০৭২৫০০, ০১৭৩০-০৭২৫৭৬
www.skssc.edu.bd

নবোদয়

৬ষ্ঠ বর্ষ, ৪র্থ সংখ্যা
০১ ডিসেম্বর ২০২৩
১৬ অগ্রহায়ণ ১৪৩০

প্রধান পৃষ্ঠপোষক
রাসেল আহম্মেদ লিটন
সভাপতি, এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

উপদেষ্টা
আব্দুস সাত্তার
অধ্যক্ষ, এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

সম্পাদক
ড. অনামিকা সাহা
উপাধ্যক্ষ, এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

সহযোগী সম্পাদকবৃন্দ
মো. ফরহাদ হোসেন প্রভাষক, বাংলা
মো. পলাশ মিয়া প্রভাষক, অর্থনীতি
মোছা. আকিমা হোসেন লিজা প্রভাষক, মনোবিজ্ঞান
রেনেসা করিম সহকারী শিক্ষক, জীববিজ্ঞান
মিহির সরকার সহকারী শিক্ষক, চারু ও কারুকলা
মো. আব্দুর রাজ্জাক সরকার সহকারী শিক্ষক, ইংরেজি
দেবাশীষ রায় সহকারী শিক্ষক, বাংলা
তাহমিদ হাসান দ্বাদশ, মানবিক
এস. ডি. রুপা রানি দ্বাদশ, বিজ্ঞান
আফিয়া আমিন নুবাহ্ একাদশ, মানবিক
মাহবুব রব্বানী মিজান নবম, ডালিয়া

শিল্প নির্দেশনা
মো. ফরহাদ হোসেন প্রভাষক, বাংলা
প্রচ্ছদ
মিহির সরকার সহকারী শিক্ষক, চারু ও কারুকলা

ডিজাইন
মো. রোকনুজ্জামান রোকন

সহযোগিতায়
এসকেএস ফাউন্ডেশন

মুদ্রণ
এসকেএস প্রিন্টার্স
শনি মন্দির রোড, গাইবান্ধা
কথা: ০১৭৩০ ৭৯৪৯৭৬

সূচিপত্র

বাণী	০৫ - ০৭
সম্পাদকীয়	০৮
এক সুতোয় গাঁথা	০৯ - ১৮
শিক্ষার্থী কর্নার	১৯ - ৩৩
সৃজনের স্রোতে	৩৪ - ৭৯
তুলির আঁচড়	৮০ - ১০৪
স্মৃতির পাতারা	১০৫ - ১১৬

একুশে পদকপ্রাপ্ত নন্দিত কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলনের এসকেএস স্কুল এ্যান্ড কলেজ পরিদর্শন

সভাপতির বাণী

‘জাতির উন্নয়ন, অগ্রগতি তথা সমৃদ্ধির জন্য প্রয়োজন সুশিক্ষিত জনগোষ্ঠী।’ একবিংশ শতাব্দীতে জ্ঞান-বিজ্ঞানের স্রোতধারায় জাতি হিসেবে বিশ্ব দরবারে সম্মানের সাথে দাঁড়াতে প্রয়োজন সুশিক্ষিত মানবসম্পদ। আর মানুষকে সুশিক্ষিত সম্পদ হিসাবে গড়ে তুলতে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষা প্রতিষ্ঠান শুধু লেখাপড়া ও সনদ অর্জনে সহায়তা করে না; বরং শিক্ষার্থীদের মননশীলতা, সৃজনশীলতা, বুদ্ধিদীপ্ত চেতনা ও আত্মোপলব্ধির সৃজনভূমিও। বই-পুস্তকের পাশাপাশি শিক্ষার্থীদের সৃজনশীলতার চর্চা ও তা প্রকাশের প্রধান মাধ্যম ‘ম্যাগাজিন’। আজকের সম্ভাবনাময় ক্ষুদে লেখক ও আঁকিয়েরাই আগামী দিনের স্বনামধন্য কবি, সাহিত্যিক ও চিত্রশিল্পী হিসেবে বাংলাদেশের সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যকে সমৃদ্ধ করবে। দেশ ও জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

‘নবোদয়’ এসকেএস স্কুল এ্যান্ড কলেজ- এর ছাত্র-ছাত্রীদের গুনগত মান ও মননশীলতার প্রামাণ্য দর্পণ। ‘নবোদয়’ চতুর্থ সংখ্যায় যেমন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তুলির আঁচড় দিয়েছে, লিখেছে বিভিন্ন বিষয়বস্তু নিয়ে, তেমনি সৃজনশীল কাজে শিক্ষার্থীদের উৎসাহিত করতে লিখেছেন শিক্ষকমণ্ডলীও। শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সৃজনশীল চিন্তা-চেতনার ফসল এই ম্যাগাজিন, এই প্রতিষ্ঠানকে নতুন স্তরে পৌঁছে দেয়ার একটি প্রয়াস।

শিক্ষার্থী ও শিক্ষকদের যৌথ উদ্যোগে আগামীতে ‘নবোদয়’ একটি গুরুত্বপূর্ণ প্রকাশনা হিসেবে চিহ্নিত হোক। এসকেএস স্কুল এ্যান্ড কলেজ- এর এ প্রয়াস সকলের কাছে সমাদৃত হোক। ‘নবোদয়’ এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করি।

রাসেল আহম্মেদ লিটন
সভাপতি
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় হুইপ মাহাবুব আরা বেগম গিনি এমপি মহোদয়ের
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ পরিদর্শন

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর উপ-বিদ্যালয় পরিদর্শক
মো. মাহামুদুর রহমান মহোদয়ের এসকেএস স্কুল এ্যান্ড কলেজ পরিদর্শন

অধ্যক্ষের বাণী

শিক্ষা হচ্ছে মানুষের সামগ্রিক জীবন ব্যবস্থায় পরিব্যাপ্ত জ্ঞানার্জনের একটি অব্যাহত প্রক্রিয়া। যার মাধ্যমে মানুষের চারিত্রিক ও মানসিক গুণাবলির উন্নয়ন ঘটে। এর ফলে একজন শিক্ষিত মানুষ ন্যায়-অন্যায়, ভালো-মন্দ এবং সত্য-মিথ্যার মধ্যে পার্থক্য নির্ণয়ে সহজেই সমর্থ হয়। মানবীয় মূল্যবোধ, কর্তব্যপরায়ণ, শিষ্টাচার, সহনশীলতা, দেশপ্রেম ইত্যাদি শিক্ষার মাধ্যমে জাগ্রত হয়। এসকেএস স্কুল এ্যান্ড কলেজের শিক্ষার্থীরা জ্ঞান বিকাশের সেই পথে ধাবমান। প্রতিষ্ঠানের বার্ষিক ম্যাগাজিন 'নবোদয়'র চতুর্থ সংখ্যা তারই একটি উজ্জ্বল প্রয়াস। শিশু কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশ, মুক্তবুদ্ধি ও সাহিত্য চর্চা, ভাবের আদান-প্রদান এবং মনোবিকাশের এক অনন্য মাধ্যম ম্যাগাজিন। ভবিষ্যত লেখক হিসেবে গড়ে ওঠার ক্ষেত্রে এটি অনেকটা বীজতলার মতো।

'নবোদয়'র চতুর্থ সংখ্যার পাতায় পাতায় বিধৃত হয়েছে শিক্ষক ও শিক্ষার্থীর তারুণ্য উচ্ছল স্মৃতিকথা। তোমাদের ভবিষ্যৎ জীবন সুন্দর হোক, সফল হোক, এই শুভ কামনা রইল।

মো. আব্দুস সাত্তার
অধ্যক্ষ
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা
প্রাক্তন অধ্যক্ষ
ক্যান্ট, পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর

সম্পাদকীয়

এসকেএস স্কুল এ্যান্ড কলেজের কোমলমতি শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশ, শিক্ষা-সাহিত্য-সংস্কৃতি ও মৌলিক চেতনা প্রকাশের লক্ষ্যেই প্রকাশ হল বার্ষিক মুখপত্র "নবোদয়"র চতুর্থ সংখ্যা। কাঁচা হাতের লেখা, বিভিন্ন ক্ষেত্রে অর্জন, প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রম তারায় তারায় খচিত রয়েছে এতে। আমাদের এই প্রচেষ্টা বৃহৎ সম্ভাবনা জাগিয়ে তুলবে বলে আমরা আশাবাদী।

"ম্যাগাজিন" প্রকাশে শিক্ষার্থীদের বিপুল সাড়া আমাদের অভিভূত করেছে। চিন্তিত করেছে লেখা বাছাইয়ের ক্ষেত্রে। পরিসরের স্বল্পতায় সুন্দর ও পরিকল্পিত অবয়বের স্বার্থে অনেক লেখা রয়ে গেছে অপ্রকাশিত।

"নবোদয়" চতুর্থ সংখ্যা প্রকাশে অধ্যক্ষ মহোদয়ের সার্বক্ষণিক প্রয়োজনীয় উপদেশ ও দিক-নির্দেশনা, শিক্ষকমণ্ডলীর প্রচেষ্টা, শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং সকলের আন্তরিক প্রচেষ্টায় সম্ভব হয়েছে এ বৃহৎ কর্মযজ্ঞ সম্পাদন।

এ জন্যে আমরা তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ড. অনামিকা সাহা
উপাধ্যক্ষ
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা
প্রাক্তন উপাধ্যক্ষ
ভারতেশ্বরী হোমস, মির্জাপুর, টাঙ্গাইল
সম্পাদক
নবোদয়, বার্ষিকী- ২০২৩

এক সুতোয় গাঁথা...



গভর্নিং বডি

রাসেল আহম্মেদ লিটন
সভাপতি
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ

খন্দকার জাহিদ সরওয়ার
অভিভাবক সদস্য

ধীরেশ চন্দ্র চক্রবর্তী
অভিভাবক সদস্য

আছমা আরজু
অভিভাবক সদস্য

মো. ফরহাদ হোসেন
শিক্ষক প্রতিনিধি
প্রভাষক (বাংলা)
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা



মোছা. লায়লা সানজিদা পারভীন
শিক্ষক প্রতিনিধি
সহ. শিক্ষক (বাংলা)
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা

মো. আব্দুস সাত্তার
সদস্য সচিব
অধ্যক্ষ
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ, গাইবান্ধা

নবোদয়
m¤úv`bv cI`

ড. অনামিকা সাহা
উপাধ্যক্ষ

মো. ফরহাদ হোসেন
প্রভাষক (বাংলা)

মো. পলাশ মিয়া
প্রভাষক (অর্থনীতি)

মোছা. আকিমা হোসেন লিজা
প্রভাষক (মনোবিজ্ঞান)

রেনেসা করিম
সহ. শিক্ষক (জীববিজ্ঞান)

মিহির সরকার
সহ. শিক্ষক (চারু ও কারুকলা)

মো. আব্দুর রাজ্জাক সরকার
সহ. শিক্ষক (ইংরেজি)

দেবাশীষ রায়
সহ. শিক্ষক (বাংলা)

তাহমিদ হাসান
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

এস. ডি. রুপা রানি
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

আফিয়া আমিন নুবাহ্
একাদশ শ্রেণি, শাখা: মানবিক

মাহবুব রব্বানী মিজান
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া

প্রতিষ্ঠানের প্রশাসকবৃন্দ

মো. আব্দুস সাত্তার
অধ্যক্ষ

ড. অনামিকা সাহা
উপাধ্যক্ষ

শিক্ষকবৃন্দ

কলেজ শাখা

মো. গোলাম রসুল
প্রভাষক (গণিত)

মো. ফরহাদ হোসেন
প্রভাষক (বাংলা)

মো. পলাশ মিয়া
প্রভাষক (অর্থনীতি)

মো. মিজানুর রহমান
প্রভাষক (রসায়ন)

মো. সামিউল হক সৈকত
প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)

মো. ছিদ্দিকুর রহমান
প্রভাষক (পৌরনীতি ও সুশাসন)

মোছা. আঞ্জুমান আরা আভা
প্রভাষক (জীববিজ্ঞান)

মোছা. আকিমা হোসেন লিজা
প্রভাষক (মনোবিজ্ঞান)

মোহাম্মদ শিশির তালুকদার
প্রভাষক (ইংরেজি)

মো. মেফতাহুল বারী
প্রভাষক (গণিত)

নারায়ন কুমার
প্রভাষক (পদার্থবিজ্ঞান)

মো. শাহজাহান মিয়া
প্রভাষক (ইংরেজি)

কে এম রায়হানুল ইসলাম
প্রভাষক (রসায়ন)

শিক্ষকবৃন্দ

স্কুল শাখা

মো. সাখাওয়াত হোসেন
সহ. শিক্ষক (গণিত)

মোছা. লুৎফুন নাহার
সহ. শিক্ষক (গার্হস্থ)

মো. মতিউর রহমান
সহ. শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা)

পলাশ চন্দ্র মোদক
সহ. শিক্ষক (সংগীত)

মোছা. লায়লা সানজিদা পারভীন
সহ. শিক্ষক (বাংলা)

মোছা. ক্যামেলিয়া ফেরদৌসী
সহ. শিক্ষক (বাংলা)

শারমিন আক্তার
সহ. শিক্ষক (সমাজবিজ্ঞান)

রেনেসা করিম
সহ. শিক্ষক (জীববিজ্ঞান)

দিলজাহান দিপ্তী
সহ. শিক্ষক (জীববিজ্ঞান)

মহসিনা মাহাবুবা
সহ. শিক্ষক (সমাজবিজ্ঞান)

মিহির সরকার
সহ. শিক্ষক (চারু ও কারুকলা)

মোছা. রুম্মান আক্তার তন্বী
সহ. শিক্ষক (সমাজবিজ্ঞান)

শিক্ষকবৃন্দ

স্কুল শাখা

মো. মাহামুদার রহমান
সহ. শিক্ষক (শা.শি)

মীনা রানী সাহা
সহ. শিক্ষক (হিন্দু ধর্ম)

মো. মোতাছিম বিল্লাহ্
সহ. শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা)

মো. আবুল কালাম আজাদ
সহ. শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা)

মোছা. শারমিন আখতার
সহ. শিক্ষক (সমাজবিজ্ঞান)

মো. আব্দুর রাজ্জাক সরকার
সহ. শিক্ষক (ইংরেজি)

মো. আমিনুল ইসলাম
সহ. শিক্ষক (ইংরেজি)

দেবাশীষ রায়
সহ. শিক্ষক (বাংলা)

প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

সন্ধ্যা রাণী চৌহান
অ্যাকাউন্টস অফিসার

মো. পামেল চৌধুরী
সেকশন অফিসার

শিরীন আক্তার লিজা
কাউন্সিলর অ্যান্ড রিলেশন অফিসার

মো. বোরহান কবির
হিসাব সহকারী

আকতার হামিদ
বাস ড্রাইভার

মো. শফিক আহম্মেদ
বাস ড্রাইভার

মো. পারভেজ বাবু
বাস ড্রাইভার

মো. দুখু মিয়া
বাস ড্রাইভার

মো. আতিকুর রহমান
বাস ড্রাইভার

মো. নবিরুল হক
বাস ড্রাইভার

মো. গোলাম মোস্তফা
বাস ড্রাইভার

মো. আতিকুর রহমান
অটো ড্রাইভার

মো. শাহিন মিয়া
সাপোর্ট স্টাফ

মো. হারুন অর রশিদ
সাপোর্ট স্টাফ

মোছা. আলো আক্তার
সাপোর্ট স্টাফ

মোছা. তহমিনা খাতুন
সাপোর্ট স্টাফ

প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

মো. সুইট মিয়া
সাপোর্ট স্টাফ

মো. সুমন মিয়া
সাপোর্ট স্টাফ

আশিকুর রহমান ইদুল
সাপোর্ট স্টাফ

আশিকুর রহমান
সাপোর্ট স্টাফ

মো. শাকিল মিয়া
ইলেকট্রিশিয়ান

মো. আব্দুর রশিদ
মালী

মোছা. সাথি আক্তার
আয়া

মোছা. শারমিন আক্তার
আয়া

মোছা. আর্জিনা বেগম
ক্লিনার

মোছা. মরিয়ম বেগম
ক্লিনার

মোছা. রমেনা বেগম
ক্লিনার

মোছা. শিল্পী বেগম
ক্লিনার

সাধনা রানী
ক্লিনার

মোছা. কাকুলী বেগম
ক্লিনার

মো. নুরুল ইসলাম
সুপারভাইজার, নিরাপত্তা প্রহরী

মো. সাহেব উদ্দিন
নিরাপত্তা প্রহরী

মো. সামছুল ইসলাম
নিরাপত্তা প্রহরী

মো. রাশেদ মিয়া
নিরাপত্তা প্রহরী

মো. জাকির হোসেন
নিরাপত্তা প্রহরী

এমআরএ এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মো. ফসিউল্লাহ মহোদয়ের
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ পরিদর্শন

পিকেএসএফ এর এমডি মিসেস নমিতা হালদার মহোদয়ের
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ পরিদর্শন

শিক্ষার্থী কর্নার...

SKS School & College, Gaibandha

SSC Result-2023

(At a glance)

Appeared	GPA-5	GPA 4.00>5.00	GPA 3.00>4.00	GPA 2.00>3.00	F	Total Pass	Percentage
146	83	53	06	04	-	146	100%

HSC Result-2022

(At a glance)

Appeared	GPA-5	GPA 4.00>5.00	GPA 3.00>4.00	GPA 2.00>3.00	F	Total Pass	Percentage
65	11	33	18	-	03	62	95.38%

২০২৩ শিক্ষাবর্ষে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় শিক্ষার্থীদের সাফল্য

প্রতিযোগিতার পর্যায়	মোট অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা	বিজয়ী শিক্ষার্থীর সংখ্যা
উপজেলা পর্যায়	৮০	৬০ (৩২ জন প্রথম স্থান)
জেলা পর্যায়	১২০	৮৭ (৩২ জন প্রথম স্থান)
বিভাগীয় পর্যায়	০৭	০৫ (২ জন প্রথম স্থান)
জাতীয় পর্যায়	০২	-

আমাদের তারকারা
পঞ্চম শ্রেণিতে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা

অপূর্ব কুমার চাকী কনক

আফিয়া ইসলাম মেঘলা

এ এম শামীন ইয়াসার শামস


ফাহমিদা হুমায়রা

মেহ্‌জাবিন সরকার রপ্ত

সিয়াম শামস বাপন

মো. ইফতেখার আহম্মেদ

মো. শাদমান তাহমিদ

মোছা. উম্মে জান্নাতুল আতিয়া আকিলা সুলতানা শিমু

মোছা. তাবাসসুম কবির

মোছা. তাহসীন রহমান মৌরী

মোছা. নওশিন জাহান

মোছা. ফারহানা সুলতানা তুবা

শাম্মী আফরোজ সারাফাত

শারীকা যাহরা

আমাদের তারকারা

এসএসসি- ২০২৩ সালের জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা

আফিয়া আমিন নুবাহ্

আলিশা বর্মন তুলি

ইয়াসির জাহান রনক

এস এম মোস্তাফিজুর রহমান

কিরণ চন্দ্র অধিকারী

খন্দকার তাওসিফ আবরার

তাজুন নাহার তুফা

তাসনিমা আক্তার

নাজমুস সাকিব তুলন

মো. আবু রায়হান সৈকত

মো. আরাফাত রহমান

মো. আশাদুজ্জামান আসিক

মো. আসাদুল্লা আল গালিব

মো. ওমর ফারুক

মো. তানজিদ হাসান রিফাত

মো. তাহসান আহমেদ স্বজয়

মো. নাঈম হাসান

মো. নাজিম উদ্দিন

খন্দকার ফেরদৌস করিম কাব্য

তনিমা শীল তমা

আমাদের তারকারা

এসএসসি- ২০২৩ সালের জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা

তাসফিয়া জাহিন ফারিহা

নুঝাত জান্নাতি

নুরে-এ- জান্নাত

মো. আদনান উদ্দিন তাসিফ

মো. জুবায়ের হাসান

মো. জুহায়ের মাহাতাব বকশি

মো. নিয়ামুল হাসান নোমান

মো. মনির হোসেন

মো. মহিবুল্লা মুজাহিদ মৃধা

মো. মাইদুল ইসলাম মিয়াদ

মো. মারুফ মিয়া

মো. মাহমুদুল হাসান

মো. মিজানুর রহমান মিজান

মো. মুজাহিদ সর্দার

মো. মুশফিকুর রহমান আকন্দ

মো. মুশফিকুর রহমান মাহি

মো. মেজবাউল ইসলাম

মো. মোস্তফা মন্ডল লিংকন

মো. রিয়াদ মিয়া

মো. রুহুল আমিন

আমাদের তারকারা

এসএসসি- ২০২৩ সালের জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা

মো. রেজওয়ান হোসেন মন্ডল

মো. সাদমান রহমান

মো. মোত্তাসিম বিল্লাহ হিমেল

মো. রবিউল ইসলাম অনিক

মো. রাজিন সালেহ

মো. শাহরিয়ার ইসলাম শুভ

মো. শাহারিয়ার রহমান শিহাব

মো. শাহাদাত মন্ডল

মো. শিবলী সাদিক

মো. সাব্বির হাসান

মো. সামিউম সিয়াম

মো.আশিকুর রহমান

মোছা. অনন্যা আজম অর্পি

মোছা. ইশমত জাহান সালমা

মোছা. ইশরাত জাহান লিয়া

মোছা. উম্মে সাদিয়া

মোছা. ফাওজিয়া ফারিহা সিলভি

মোছা. ফাতেমা আক্তার কেয়া

মো. সোহাইব রায়হান

মো: তাহসান হাবিব চৌধুরী দিগন্ত

আমাদের তারকারা

এসএসসি- ২০২৩ সালের জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা

মোছা. আফরা ইবনাতি অরনি

মোছা. আরিফা জান্নাত

মোছা. উম্মে কুলছুম আক্তার

মোছা. তাওহিদা আক্তার

মোছা. তাসনিম জান্নাত

মোছা. তাসমিরা আক্তার লিমা

মোছা. নাজমুন নাহার নিঝুম

মোছা. নাদিয়া সুলতানা নিপা

মোছা. নাফিজা আনজুম নুশরাত

মোছা. নুরে জান্নাত তাসনিম

মোছা. নুরে ফাতেমা রওজা

মোছা. মুশরাত জাহান মমি

মোছা. সুরাইয়া ইয়াসমিন

মোছা. রহিমা আক্তার বুশরা

মোছা. রিতু মনি

মোছা. রুবাইয়া জাহান মওশি

মোছা. শাফিয়া আক্তার

মোছা. মাহবুবা আক্তার মিথিলা

মোছা. সাদিয়া আফরোজ ইভা

মোছা. সানজিদা আক্তার লজ্জিতা

মোছা. সাবিয়া আক্তার সেতু

মোছা. সুমাইয়া আক্তার সুমা

রনা মিত্রা সরকার ভগশ্রী

আমাদের তারকারা

এসএসসি- ২০২৩ সালের বোর্ড বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা

মো. নাঈম হাসান

এস এম মোস্তাফিজুর রহমান

মো. শিবলী সাদিক

মো. জুবায়ের হাসান

মো. তাহসান আহমেদ স্বজয়

মো. মুশফিকুর রহমান

নাজমুস সাকিব তুলন

মো. মনির হোসেন

মো. শাহাদাত মন্ডল

কিরণ চন্দ্র অধিকারী

মো. নিয়ামুল হাসান নোমান

মোছা. তাসনিম জান্নাত

মো. মাহামুদুল হাসান

মো. ওয়াজেদুল হক চৌধুরী

সিনহা মাহমুদ বিজয়

আমাদের তারকারা

এইচএসসি- ২০২২ সালের জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা

মালিহা আরবী

মো. আরিফ হাসান

মো. আসাদুজ্জামান আপেল

মো. শাকিব হোসেন

মোছা. রোজ দানিয়া

সাদিয়া আক্তার

মো.মুজাদ্দিদ আল ফিসানী

মো.শহিদ হোসেন

মোছা. তায়িবা বিনতে তুবা

শ্রী সবুজ রবিদাস

মোছা. মরিয়ম আক্তার সীমা

আমাদের তারকারা
বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া শিক্ষার্থীবৃন্দ

মোছা. রোজ দানিয়া
ইংরেজি বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাদিয়া আক্তার
গণ যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

শ্রী সবুজ রবিদাস
ভূগোল বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

মো. আরিফ হাসান
রসায়ন বিভাগ
বরিশাল বিশ্ববিদ্যালয়

মো. মুজাদ্দিদ আল ফিসানী
ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

ছাত্র সংসদ-২০২৩

মো. আব্দুস সাত্তার, অধ্যক্ষ
সভাপতি

ড. অনামিকা সাহা, উপাধ্যক্ষ
উপদেষ্টা

মো. গোলাম রসুল, প্রভাষক (গণিত)
কো-অর্ডিনেটর, কলেজ শাখা
উপদেষ্টা

মো. সাখাওয়াত হোসেন, সহ. শিক্ষক (গণিত)
কো-অর্ডিনেটর, স্কুল শাখা
উপদেষ্টা

তাহমিদ হাসান
সহ-সভাপতি
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

মো. মেহেদী হাসান তুষার
সাধারণ সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

এস. ডি. রুপা রানি
সহ-সাধারণ সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

সজিবুর রহমান
ক্রীড়া সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

খন্দকার আসিয়ানা নাজনীন দিবা
সহ-ক্রীড়া সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

নুসরাত জাহান ইভা
সাংস্কৃতিক সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

ভাবনা রায় লিমানা
সহ-সাংস্কৃতিক সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

কামরুল হাসান
লাইব্রেরি সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

মো. মাহমুদুল হাসান অরণ্য
সহ-লাইব্রেরি সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

তাওসিফ আহমেদ
সমাজ কল্যাণ সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

মো. জিয়াউর রহমান জিম
সহ-সমাজ কল্যাণ সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

মো. হুমায়ূন কবির
প্রচার সম্পাদক
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

সামিউল সাদিয়া রিদি
সহ-প্রচার সম্পাদক
শ্রেণি: দশম, শাখা: ডালিয়া

মো. হোসাইন সাঈদ
সদস্য-১
শ্রেণি: দ্বাদশ, শাখা: বিজ্ঞান

ফাতেমা আক্তার
সদস্য-২
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

তাইয়িব পরশ
সদস্য-৩
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

মানতাসা রহমান
সদস্য-৪
শ্রেণি: দ্বাদশ, শাখা: মানবিক

মাহবুব রব্বানী মিজান
সদস্য-৫
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া

দিঘী সরকার
সদস্য-৬
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া

লুৎফর রহমান মাহদী
সদস্য-৭
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া

আমাদের স্বপ্ন-সারথি

শ্রেণিঃ প্লে

শ্রেণিঃ নার্সারি

শ্রেণিঃ প্রথম



শ্রেণিঃ দ্বিতীয়

শ্রেণিঃ তৃতীয়



শ্রেণিঃ চতুর্থ

আমাদের স্বপ্ন-সারথি

শ্রেণিঃ পঞ্চম



শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া



শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ড্যাফোডিল

শ্রেণিঃ সপ্তম, শাখাঃ ডালিয়া

শ্রেণিঃ সপ্তম, শাখাঃ ড্যাফোডিল

শ্রেণিঃ অষ্টম, শাখাঃ ডালিয়া

আমাদের স্বপ্ন-সারথি

শ্রেণিঃ অষ্টম, শাখাঃ ড্যাফোডিল

শ্রেণিঃ নবম, শাখাঃ ডালিয়া



শ্রেণিঃ নবম, শাখাঃ ড্যাফোডিল



শ্রেণিঃ দশম, শাখাঃ ডালিয়া

আমাদের স্বপ্ন-সারথি

শ্রেণিঃ একাদশ, শাখাঃ বিজ্ঞান



শ্রেণিঃ একাদশ, শাখাঃ মানবিক (এ)

শ্রেণিঃ একাদশ, শাখাঃ মানবিক (বি)

শ্রেণিঃ দ্বাদশ, শাখাঃ বিজ্ঞান

শ্রেণিঃ দ্বাদশ, শাখাঃ মানবিক

সৃজনের স্রোতে...

জান্নাতুল তাসনিম
শ্রেণি: প্রথম
রোল: ৩৮

শিক্ষক

শিক্ষক মানে-ই শিক্ষাগুরু
জ্ঞানের ছড়ায় আলো
সবার উপরে সম্মান তাহার
চায় যে সবার ভালো।
শিক্ষক হলো জাতির গর্ব
শিক্ষা দানে-ই ব্যস্ত
কিভাবে সে গড়বে মানুষ
সেই কাজেই ন্যস্ত।
শিক্ষক মানেই জ্ঞানের শ্লোগান
শিক্ষক মানেই প্রাণ
শিক্ষক মানেই নিঃস্বার্থ-বান
সারা পৃথিবীতেই প্রমাণ
শিক্ষক মানে-ই বিদ্যা-সাগর
কলমে দিয়েছে শান
তলোয়ারের চেয়ে কলম বড়
এটাই তার প্রমাণ।
শিক্ষক জাতির জনক
সবার কাছেই সম্মান
শিক্ষক মানেই আদর্শবান
শ্রদ্ধার শিরোনাম।

মোছা. সাবিহা তাব্বাসুম
শ্রেণি: দ্বিতীয়, শাখা: ডালিয়া
রোল: ১৯

আমি হতে চাই

আমি হতে চাই সকাল বেলার পাখি
অলসতার কারণে আমি
ঘুম থেকে দেরিতে উঠি।
শিশির ভেজা সকাল বেলায়
ঘুমের তীব্রতা দেয় বাড়ায়
আমার অলস কাটবে কবে
আমার জানা নেই
হঠাৎ পাখির কিচিরমিচির শব্দে
আমার ঘুম নেই।

সুফিয়ান সাওরী তিহাম
শ্রেণি: তৃতীয়, শাখা: ডালিয়া
রোল: ২৮

আমার শহর

আমার বাড়ি এই শহরে
আছে বাজার-হাট,
পাশে আছে ছোট নদী
নামটি তাহার ঘাঘট।
এই শহরে ছোট বড়
অনেক রঙ্গের বাড়ি,
গাইবান্ধার রসমঞ্জুরির খ্যাতি
আছে দেশ জুড়ি।
মাঠে মাঠে ভুট্টা, মরিচ
বুনছে কৃষক ভাই,
সবাই আছে মিলে মিশে
বলো আর কী চাই?

আবির হোসেন
শ্রেণি: তৃতীয়, শাখা: ডালিয়া
রোল: ১২

বিজয় দিবস

সেই যে রাতে গেল খোকা
ফিরলো না আর ঘরে
দুঃখীনি মা আজো যে তার
জন্য কেঁদে কেঁদে মরে।
আর কেঁদো না ‘মাগো’ তুমি
মুছো চোখের পানি
রক্ত দিয়ে এনেছি আজ
দেশের ছবি খানি।
ডিসেম্বরের ষোলো তারিখ
আসবে খোকা ফিরে
রাঙ্গা হাসি ফুটবে তখন
তোমার ছোট্ট নীড়ে।

মোস্তারিন আক্তার লিসা
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ২৪

বাবা মানে

বাবা মানে প্রথম প্রেম আমার ছেলেবেলা,
বাবা মানে সকাল বিকেল আমার সন্ধ্যে বেলা।
বাবা মানে খাতা কলম আমার পড়ালেখা,
বাবা মানে সেই খুঁটি আমার হাটতে শেখা।
বাবা মানে বট বৃক্ষ আশ্রয় ঠিকানা,
বাবা মানে সেই চোখ আমার ভবিষ্যৎ নিশানা।
বাবা মানে আসমান জমিন আমার পুরো ভুবন,
বাবা মানে জন্মদাতা তিনিই আমার জীবন।
বাবা মানে স্বাধীনতা আকাশ তারা রাশি,
বাবা মানে বিশালতা তোমায় ভালোবাসি ॥

মেধাশ্রী রায়
শ্রেণি: পঞ্চম, শাখা: ডালিয়া
রোল: ২৯

এই গরমে

হাত ঘামছে পা ঘামছে
ঘামছে মাথার চুল,
এই গরমে উঠলো নেয়ে
আমার কানের দুল।
আম পেঁকেছে, জাম পেঁকেচে
পেঁকেছে কাঁঠাল, লিচু,
এই গরম হতে মুক্তি দিতে
সৃষ্টিকর্তা করো কিছু।

তাহমিদা আক্তার (তুশমি)
শ্রেণি: পঞ্চম, শাখা: ডালিয়া
রোল: ১৫

আমাদের পড়াশোনা

আমাদের পড়াশোনা চলে বাঁকে বাঁকে
পরীক্ষার সময় তাই চাপ বেশি থাকে।
পার হয়ে যায় দিন পার হয় রাত
পরীক্ষার হলে তাই মাথায় দেই হাত।
সারা বছর দিলাম ফাঁকি এখনও পুরো সিলেবাস বাকি
পড়বো পড়া রাতারাতি রেজাল্ট হবে ফাটাফাটি।
এই আশায় আমি থাকি।

আফছানা আক্তার
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ১০

সূর্য

তোমার জন্য সূর্য ওঠে
নতুন সকাল আসে দরজায়
তোমার জন্য দিনের শেষে
ক্লান্ত পাখি পথ হারায়।
তোমার জন্য বৃষ্টি পড়ে
সবুজ ছোয়া লাগে মনে,
তোমার জন্য ফাগুন আগুন
পাখির কূজন বনে বনে।

তাহসিন রহমান মৌরী
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ০১

এসো হে বৈশাখ

এসো হে বৈশাখ
এসো হে বৈশাখ সকালবেলা,
তোমার সাথে করি খেলা সারাবেলা।
তুমি মোর আপন, তুমি মোর জীবন, তুমি মোর ভাবন।
বৈশাখ তুমি মোদের বছর শুরুর মাস
বৈশাখ তুমি মোদের জীবন শুরুর মাস।
বৈশাখ মানে প্রখর তাপ, ছেলেমেয়ে খেলার ঝাঁপ।
তপ্ত রোদে ঝড়ে আর ঝঞ্ঝায়
প্রাণ মোদের যায় যায়
তবুও এসো হে বৈশাখ এসো... এসো...।

শাহ্ আন্নুর
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ড্যাফোডিল
রোল: ৭৩

মা

মা আমার পৃথিবী,
মা আমার চলার গতি
মা মানেই কর্মের শক্তি
মা মানেই ভক্তি,
মা মানেই মুক্তি।
মা মানেই সৃষ্টিকর্তার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি,
মা আমার দু-চোখের দৃষ্টি।
মা মানেই শান্তির আশ্রয়,
মা মানেই ভালোবাসার নিখোঁজ প্রশ্রয়।
মা মানে অন্ধকারে আলো,
মা মানে সব কিছুই ভালো।
মা আমার স্বর্গ, মা আমার গর্ব।
মা আমার মুখে থাকা হাসি
আমি আমার মাকে অনেক ভালোবাসি।

জান্নাতুল নূর জেমি
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ড্যাফোডিল
রোল: ৫৭

করোনার শিক্ষা

করোনা ভাইরাস দেয় বুঝিয়ে এ বিশ্বের কেউ কারো নয়,
আপন জনও থাকে দূরে মনের ভেতর মৃত্যু ভয়।
করোনা বোঝায় মুক্ত লোকের বন্দী জীবন কেমন হয়,
জেলের পোশাক উঠলে দেহে অপরাধীর যেমন হয়।
করোনা শুধু শেখায় না ভয় শেখায় ভালোবাসাও,
কোয়ারেন্টাইনে খাদ্য দিয়ে বেঁচে থাকার আশাও।
করোনা থেকে মৃত্যু এবং মানবতার শিক্ষা পাই,
মানব সেবায় নিতে হবে মানবতার দীক্ষা তাই।

মাদ্রিছা আক্তার মুন

শ্রেণি: ষষ্ঠ, শাখা: ড্যাফোডিল
রোল: ৭৪

চাঁদ ধরার সাধ

সকাল থেকে কাঁদছে দিপু ফুলে গেছে চোখ,
দিতে হবে চাঁদটা এনে যেমন করেই হোক।
চাঁদের আশায় খানা-পিনা সব দিয়েছে বাদ,
হঠাৎ করে জাগল মনে এমন আজব সাধ।
সবাই বলে ইমপসিবল হওয়ার মতো নয়,
সে সব শুনে কান্নাকাটি দ্বিগুন শুরু হয়।
অবশেষে দাদু বলেন পুকুর ঘাটে আয়,
দেখ চেয়ে ঐ পানির নিচে চাঁদটা দেখা যায়।
বড়শি দিয়ে মনের সুখে ধরতে পারিস চাঁদ,
বুদ্ধি শুনে হাসে দিপু জানায় ধন্যবাদ।

মোছা. ফারহানা রহমান (নুহা)

শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ২৬

আমাদের দেশ

দেশ দেশ দেশ, দেশ মানে প্রাণ
দেশ ছাড়া আমাদের প্রাণ চলতে চায় না
দেশ হলো জননীর মতো।
দেশ আমাদের জননীর চেয়ে কত আদর করে।
দেশ আমাদের জীবন
দেশ ছাড়া জীবন যে আর বাঁচে না।
দেশ আমাদের চলার রাস্তা
দেশ আমাদের ভালোবাসা
আমরা আমাদের দেশকে অনেক ভালোবাসি।

শাম্মী আফরোজ

শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ০৩

প্রিয় বাবা

বাবার কাছেই হাঁটতে শিখি, শিখি চলা বলা,
সারাটা দিন কাটতো আমার জড়িয়ে তার গলা।
বাবার হাতেই হাতেখড়ি প্রথম পড়ালেখা,
বিশ্বটাকে প্রথম আমার বাবার চোখেই দেখা।
বাবা আমায় শিখিয়েছে সত্য কথা বলা,
বাবার কাছে শিখেছি আমি সৎপথে চলা।
বাবা আমার ভালোবাসা সকল সুখের আশা,
বাবা আমার ছোট্ট মনের গভীর ভালোবাসা।

মোছা. ইসরাত জাহান আইভি

শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া
রোল: ২৭

শিক্ষা

শিক্ষা বাড়ায় জনশক্তি, শিক্ষাতে ভাই দেশের মান
শিক্ষা নিলে দূর হবে, দুঃখ কষ্ট অপমান।
ব্যবসাতে শিক্ষা লাগে, লাগে কৃষিতে
পরিবারকে গড়তে লাগে সকল সৃষ্টিতে।
তুমি আমি সাবাই মিলে শিক্ষা নিলে ভাই
দেশ ভক্তি উঠবে গড়ে তুলনা যার নাই।
দেশ গঠন সমাজ গঠন যতই বলি ভাই
শিক্ষা ছাড়া কোন কিছুর বাস্তবায়ন নাই।
শিশু পাঠাও স্কুলেতে আর তো দেরি নাই রে,
সোনার বাংলা গড়বো আমরা শিক্ষা দিয়ে ভাইরে।

জান্নাতুল ফিরদাউসি মাহী
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩১

কালো কালো মেঘগুলি

কালো কালো মেঘগুলি যেই ফিরে আসে,
খবর ছড়ায় তার ঠান্ডা বাতাসে।
আমরাও বুঝে যাই এইবার তবে,
ছিটে-ফোটা নয় ভারি বর্ষণ হবে।
শুধু কি আমরা বুঝি, গাছ-পালারাও সব বোঝে
বোঝে ঘাস, বৃক্ষ লতাও
আগাম খবর পেয়ে খুশি হয়ে বলে
ও বৃষ্টি এসো তাড়াতাড়ি,
আমাকে ভেজাতে তুমি কেন কর দেরি।
ভরা-ভরা, ঘড়া-ঘড়া জল ঢেলে দাও
ধুলো ধুয়ে ভালো করে স্নান করাও।
যারা করে চাষবাস তারাও সবাই
বলে যে ভেজাতে মাটি আরও জল চাই।
ঢেলা মাটি কাদা হোক, নইলে ফসল
কী করে অঢেল হবে আরও চাই জল।
সে তো ভালো কথা, তবে সকল সময়
অতি বর্ষণে জাগে মনে বন্যার ভয়।
আমরা মেঘের দিকে তাই রেখে চোখ,
বলি, যতটাই ভালো ততোটাই হোক।



অপূর্ব
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩২

পানি

পানির অপর নাম জীবন
পানি না খাইলে হইবে মরণ।
পৃথিবীর চার ভাগের তিন ভাগ পানি
পানি সব মানুষের কাছে থাকা সোনার খনি।
পৃথিবীতে পানির জলধারার নেই শেষ
তৃষ্ণা পেলে পানি খেলে শক্তি পাওয়া যায় বেশ।
পানির উপকারিতা সবাই জানে
তাই সবাই খাবার সময় পানিকেই টানে।
পানি দিয়ে ক্লান্তি দূর করা যায় সব
মনে আসে প্রফুল্লতার ভাব।
তার পরও মানুষ অপচয় করে পানি
বোঝেনা পানি ছাড়া বাঁচতে পারবে না কোন দিনই।
তাই পানির অপচয় রোধ করবো
সুন্দর একটা পৃথিবী গড়বো।

মো. জাহিদ হাসান
শ্রেণিঃ সপ্তম, শাখাঃ ড্যাফোডিল
রোলঃ ৪৫

ফেসবুক

বিজ্ঞানীদের বিস্ময়কর আবিষ্কার ফেসবুক
পৃথিবীতে এনে দিল অনাবিল সুখ
সবাইকে জানতে হবে প্রযুক্তি
তাহলে জীবনে আসবে মুক্তি
সুখের সাগরে ভাসবে বুক
হায়রে ফেসবুক, হায়রে বুক।
কাউকে দেখি না আর পড়ার টেবিলে
সারাক্ষণ ব্যস্ত থাকে শুধু ডেটিং এ
বিশ্বকে চেনার জন্য চাই ফেসবুক
সুখ-দুঃখ যা-ই দাও ভালো লাগে খুব
মাঝে মাঝে মিথ্যা তথ্য দিয়ে কর তুমি ভুল
তবুও চাই আমরা ফেসবুক।

মো. শিরহান

শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ১২

হিয়া মনি

হিয়া মনি এক বোন, খাবার খায় সারাক্ষণ
মাথায় তার কোকড়া চুল, পড়া-লেখায় নেই কোন ভুল।
সারাক্ষণ কুড়ায় সে রাস্তাঘাটের ফুল, তার বাগান ভরা কুল।
নয়ন দুটি তার টানা টানা, দেখে মনে হয় হরিণ ছানা
সে কানে পড়ে দুল, মাথায় ঝুমকো জবা ফুল।
পায়ে তার রুপার নুপুর বাজে তালে তালে
তার ঘরটি ভরা ধানে-চালে-চালে
তার বাড়ির পাশে ছোট্ট ডোবায় কৈ খল-খল করে
সে বাস করে নদীটির ঐ পারে
যেথায় নৌকা বাঁধা সারে সারে
সেথায় হিয়া মনির হাঁস বড় বড় ডিম ও পারে
সকাল হতেই হিয়া মনি ডিম কুড়িয়ে বেড়ায়
সেই ডিম বিক্রি করে সে তার সংসারও চালায়।

রিফাত শেখ

শ্রেণি: সপ্তম, শাখা: ড্যাফোডিল
রোল: ৪৮

সকাল

প্রতিদিন উঠি আমি ঘুম হতে,
হেঁটে চলি প্রতিদিন নদীপথে
অপরূপ সৌন্দর্য চিরতরে,
মনে হয় জন্মিলাম আমি নতুন করে।
পাখিরা জেগে করে কিচির-মিচির,
ঘাসে পড়ে থাকে বিন্দু বিন্দু শিশির।
উত্তরে হিমেল হাওয়া বয়ে যায়,
পাখিরা খাদ্য খুঁজতে উড়ে যায়
কালো মেঘলা আকাশ করে ঝলমল,
সূর্যের আলোয় যেন তা করে রং বদল।

মো. ইউসুফ সরকার

শ্রেণি: অষ্টম, শাখা: ডালিয়া
রোল: ১৮

পূর্বসূরি

লাঙল হারিয়ে গেছে কবে কার কথা।
তার কথা কেউ আর ভুলেও বলে না
অথচ- সেদিন তার অনেক সুনাম
ছিল এদেশের গ্রামে, এখন ট্রাক্টর মাঠ চাষে।
তার ফলে লাঙলের কথা আমাদের কৃষকেরা
আজ মনেও করে না।
অথচ তাদের ঘাম- লাঙলের বাঁট লেগে
অনেক বেদনা ছড়িয়েছে মাঠে
তবু মাঠজুড়ে ধান রাশি রাশি
পাশেই কোথাও ঘাসে কয়েকটি গরু
লাঙলের বিলুপ্তিতে গরু গুলো অনেক খুশি।

খাদিজা তুর তাহেরা

শ্রেণি: একাদশ (মানবিক), শাখা:
রোল: ৮০

বিবেকের বাণী

সিদ্ধান্ত নেওয়া কত কঠিন,
যা পারিনি আমি নিতে কোনোদিন
সিদ্ধান্ত নিতে গিয়ে ভাবি কত কথা,
ভেবে ভেবেই কেটে যায় সকাল সন্ধ্যা।
কি করতে কি করব বুঝি না,
কোনটা ছেড়ে কোনটা নিব তাও জানি না।
হয় যদি এমন অবস্থা কখনো,
ছুটে যাই মায়ের কাছে এখনো।
মাকে জিজ্ঞেস করি, কি করব ?
মা বলে বিবেকের বানী শুনো।
মায়ের কথা শুনে আমি সেই পথেই চলি,
তারপর একটা সিদ্ধান্ত নিয়ে ফেলি।

সাবিহা সরকার

শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ০৫

বঞ্চিত মানুষ

পৃথিবীতে মানুষ আছে হয়তো কোটি কোটি,
নিজের প্রয়োজনে শুধু টাকাওয়ালার পিছু ছুটি।
বলি না তো বঞ্চিত মানুষের হাত দুটি ধরে,
তোমরাও তো বাঁচতে পার আমাদের মতো করে।
চলার পথে বা চোখেও যে তাকায় না ওদের দিকে
কত স্বপ্ন কত যে আশা বাসা বাঁধে ওদের চোখে।
আমরা যদি পারতাম দিতে ওদের একটু আশ্বাস,
তাহলে ওদের ফেলতে হতো না কষ্টের দীর্ঘশ্বাস।
আমরা যদি তাদের প্রতি হই একটু খানি সদয়,
তবেই হয়তো দেখতে পাবে নতুন সূর্য উদয়।
আমাদের মতো তারাও মানুষ কেন বঞ্চিত হবে,
এই কি জ্ঞানী, এই কি গুণী হলাম আমরা তবে।
কে দাঁড়াবে তাদের পাশে, কে যে নেবে দায়,
সুখে দুঃখে তাদের জন্য আমরাই তো সহায়।

আফরিন আক্তার অরণ্য

শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ০৮

অনুরোধ

তুমি জন্মেছো যে মায়ের কোলে
তাকে কখনো বৃদ্ধ বলো না।
কালো সে তো সৃষ্টির আলো,
তাকে তুমি কুৎসিত বলো না।
তুমি জন্মেছো মৃত্যুর জন্য
সে কথা অস্বীকার করো না।
যে শিশু তুমি জন্ম দিয়েছো
তাকে অতি মায়ার জালে বেঁধে রেখ না।
আলোকিত ঝলমলে সকাল পেয়ে
মিষ্টি মধুর রাতকে ভুলে যেও না।

সৌরভী ইসলাম রিমা

শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ০১

কী পড়বো?

যদি পড়ি বাংলা হয়ে যাই হ্যাংলা
যদি পড়ি অঙ্ক মাথায় আসে আতঙ্ক
যদি পড়ি বিজ্ঞান হয়ে যাই অজ্ঞান
পড়তে গেলে পদার্থ বাবা বলে অপদার্থ
যদি পড়ি ইতিহাস হয়ে যাই পাতিহাস
যদি পড়ি ভূগোল হয়ে যাই পাগল
যদি পড়ি সমাজ আদায় করি নামাজ
পড়বো এখন কোনটা সেটাই ভাবে মনটা।

অর্পন কুমার বর্মণ

শ্রেণি: সপ্তম, শাখা: ড্যাফোডিল
রোল: ৪৬

গরমের তাপ

গরমের অসহ্য তাপদাহে সবাই মরে জ্বলে পুড়ে
একাই বাঁচতে হলে ফ্যানের বাতাস লাগে।
শীতের প্রচণ্ড ঠান্ডা আর গ্রীষ্মের অসহ্য গরম
এ নিয়ে গঠিত পৃথিবীর মানুষের জীবন।
বৈশাখ ও জ্যৈষ্ঠ মাস মিলে হয় গ্রীষ্ম
এ মাসেই অনুভূত হয় নাতিশীতষ্ণ।
অসহ্য গরমে যদি হয় বিদ্যুৎ বিভ্রাট
শরীর ঠান্ডা করতে নাকি যেতে হবে নদীর ঘাট।
দিদি বলে “নাই” “নাই” মা বলে “গেল” “গেল”
গরমের কারণে সব লাগে এলোমেলো।

আফছানা মিমি (আভা)
শ্রেণিঃ সপ্তম, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৩

সুখের খোঁজে

সত্যিকারের সুখের দেখা চাও যদি ভাই পেতে
রঙের জীবন ছেড়ে তোমায় আসতে হবে পথে।
ঐ যে দেখ সবুজ ধানের ক্ষেতের ভিতর দিয়ে
এঁকে বেঁকে ছোট্ট একটা নদী গেছে বয়ে।
তীর দিয়ে তার হেঁটে হেঁটে গভীর মাঠে যাও
মধ্য মাঠে দাঁড়িয়ে এবার চতুর্দিকে চাও।
দেখবে সেথা তুমি ছাড়া নেইকো যে আর কেউ
দমকা হাওয়ায় ধানের ক্ষেতে উঠছে শুধু ঢেউ।
দু'চোখ বুঝে হাওয়ায় এবার মেলে ধরে বুক
এবার বলো পাইছো কি না সত্যিকারের সুখ!

ঐ যে দেখ বৃদ্ধ চাচা পাকা পথের মোড়ে
রিক্সা নিয়ে দাড়িয়ে আছে কাঠ-ফাটা রোদ্দুরে,
যাও গিয়ে ওই বৃদ্ধ চাচার রিক্সায় উঠে যাও
তারে নিয়ে যাও তুমি আজ যেথায় যেতে চাও।
যাত্রা শেষে দেখ এবার রিক্সা থেকে নেমে
বৃদ্ধ চাচার ক্লান্ত শরীর কেমনে গেছে ঘেমে।
ক্লান্ত হয়ে কাঁপছে দেখ রিক্সা চালক চাচা
ভাড়া ছাড়াও দাও তাহারে বাড়তি কিছু টাকা।
লক্ষ করে দেখ চাচার কাঁপন গেছে থেমে
বক্ষে চেপে ধরেছে তোমায় রিক্সা থেকে নেমে
যেই মুখে তার জড়িয়ে ছিল ক্লান্তি রাশি রাশি
সেই মুখেতেই ভরে উঠেছে মিষ্টি মধুর হাসি।
পরাণ ভরে দেখ তুমি চাচার হাসি মুখ
এবার বল পেয়েছো কিনা সেবার মহা সুখ!

আরাফাত হাসান নাফিস
শ্রেণিঃ সপ্তম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩০

বন্ধু

বন্ধু আমার অনেক দামি
সবচেয়ে সেরা বন্ধু তুমি।
বন্ধু আমার কষ্ট বোঝে
বন্ধু শুধু আমায় খোঁজে।
বন্ধু তুমি থাকলে পাশে
কাঁদে না মন শুধুই হাসে।
বন্ধু আমার হাসি মুখে
যেন সারা জীবন বেঁচে থাকে।
থাকব মোরা মিলেমিশে
হাসি কান্না যাই-বা আসে।

শ্রাবনী রানী
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ২৩

মা

মা হলো সেই জন,
যে জন দশ মাস দশ দিন গর্ভে করেছে ধারণ।
জন্মের পর আমাকে করেছে লালন-পালন।
জন্মের পর থেকে আমি শুধু তোমায় চিনি,
তুমি আমার মা, তুমি আমার ভাবনা।
তুমি যে আমার সবকিছু।

আমি বড় হব, মানুষ হব, দেখবে সেদিন তুমি,
করবে তুমি আমায় নিয়ে গর্ব সবার বাড়ি।

মা... মা... মা...
এ জগতে যে তোমার কোনই তুলনা হয় না
তুমি যে অতুলনীয় মা...।
আমি তোমায় অনেক ভালোবাসি মা।

মো. রিফাত হাসান রিয়াদ
শ্রেণিঃ নবম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩৪

ধর্ম ব্যবসা

যুগ যুগ জানিয়া আসিয়া জীবন মোহমায়া
একমাত্র ধর্ম হইল জীবনের ছায়া
লোকে প্রভুরে ডাকে হে খোদা হে ঈশ্বর
মোর জীবনখানি এমন সুন্দর করিয়া
ভরিয়া দাও, মোরে অভাবমুক্ত করিয়া দাও।
কিন্তু খোদা কিংবা ঈশ্বরে রহিয়াছে দাবি
তাহার দরবারে যাইয়া করিতে হইবে গোলামি।
এরই সুযোগ পেয়েছে যত ধর্ম ব্যবসায়ী
মসজিদে রহিয়াছে মোল্লা, মন্দিরে পূজারি।
মসজিদে সবে যাহি নামাজ পড়ি যবে
মোল্লা ডাকিয়া কহে দান কর আল্লাহর ঘরে।
মন্দিরে পূজার সময় এলো হয়ে
পূজারি সকলে ডাকিয়া কহে
মহোদয় বৃদ্ধ ও ব্যক্তিবর্গ সুনামি
পূজা সারিয়া বাক্সে দিবেন হাজার টাকা প্রণামি।
শীতল হইয়া বক্ষ, মেলিয়া দেখি দু'চক্ষ, ভাবি ক্ষীণ
যাহার সহিত চাহি মোরা নিখিল ভুবনের দাবি
সেই প্রভু মোর এতটাই হইলো অভাবি।
ধর্ম গ্রন্থ কহে প্রভু অর্থ নাহি চাহে
তবে মোল্লা পূজারি ঘরের হইয়া কেন অর্থ লহে।
মানিতেছি তাহাদের প্রয়োজন হইলো অর্থ
তাহা বলিয়া কি তাহারা বেচিয়া খাইবে ধর্ম?
যাহারা ধর্ম দিয়া অর্থ কামিয়া লহে
তাহাদের পর জীবন যাইবে অগ্নিদহে
এ উক্তি মনুষ্যকে ধর্মগ্রন্থ কহে।

মো. সোহানুর রহমান
শ্রেণিঃ নবম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩৯

মধ্যবিত্ত

আমি মধ্যবিত্ত তাই তো আমি জানি,
জীবনের কঠিন মুহূর্ত।
আমি জানি না কোন
উচ্চবিত্ত পরিবারের বেড়ে ওঠা কেউ, জানে কী?
মধ্যবিত্তের বেড়ে ওঠা।

তবে আমি জানি গো,
পৃথিবীর বেশিরভাগ সফলতা এসেছে
মধ্যবিত্তের দ্বারা।

সমাজের আসল চিত্র বুঝতে হলে হতে হয় মধ্যবিত্ত
তাই তো আমি বেজায় খুশি হয়ে মধ্যবিত্ত।
মধ্যবিত্ত তারাই যারা দামাদামি করে সামান্য শাক কিনতে গিয়ে,
তাইতো আমি বলি, মধ্যবিত্ত ইমোশনের নাম
হয়তো তোমরা (উচ্চবিত্ত) বুঝবে না।

মধ্যবিত্ত বলে,
নিজের স্বপ্নের কথা বলতে পারি না'কো খুলে
পরিহাসের পাত্র হওয়ার কথা মনে করে।
তবে আজ চিৎকার করে বলি
আমিই মধ্যবিত্ত।

মো. আলিফ
শ্রেণিঃ দ্বাদশ (বিজ্ঞান)
রোলঃ ৬০

মহান

আল্লাহ তুমি বড়ই মহান আমরা সৃষ্টির সেরা জীব
বৈচিত্র্য জগতে আমরা সবাই তোমার কাছে খুবই গরীব।
আদম থেকে আজ অবধী যাকে যখন করেছ সৃষ্টি
পড়া লেখায় বিশ্বের সবাই মত্ত, দাও প্রভু মোর প্রতি তোমার নেক দৃষ্টি।
আমরা সবাই ছাত্র-ছাত্রী এসকেএস স্কুল এ্যান্ড কলেজে পড়ি,
শিক্ষা অর্জন করে আমরা যেন দেশের জন্য জীবন দিতে পারি।
এসকেএস স্কুল এ্যান্ড কলেজ আমাদের গর্বিত শিক্ষা প্রতিষ্ঠান
লিটন সাহেবের অক্লান্ত প্ররিশ্রমে আল্লাহ পাকের অশেষ অবদান।
আল্লাহ তুমি দয়া করো এসকেএস স্কুল এ্যান্ড কলেজের জন্য
জীবন দিয়ে করবো সেবা সু-শিক্ষাই জাতীর মেরুদণ্ড।

এস. ডি. রুপা রানি
শ্রেণিঃ দ্বাদশ (বিজ্ঞান)
রোলঃ ৩৯

পড়ালেখা

দায়িত্ব ভাই অনেক বড় দিয়েছো আমায় তুমি
সে জন্য তোমায় কিন্তু ভালোবাসি আমি।
দেহের ভিতর সবার মাঝে আছে সবার জীবন
থাকবো না ভাই এই দুনিয়ায় বাঁচবো কিছুক্ষণ।
পড়ার টেবিলে মন বসে না সবাই আমরা ছাত্র
অল্প বয়সে প্রেম করে তাই দু'দিন পরে হই পাত্র।
আমিও কিন্তু তোমাদের মতো এমনটাই ছিলাম
দুঃখ কষ্ট লেগেই আছে সব শেষে কি পেলাম।
তাই বলছি শোন সবাই আর করো না ভুল,
স্কুল ফাঁকি দিচ্ছো কেন পড়ালেখাই সব কিছুর মূল।
প্রাচীর টপকে কেন বাবা স্কুল ফাঁকি দাও
পরিশেষে কাঁদবে তুমি করবে হাউ মাউ।

মো. হুমায়ূন কবির
শ্রেণিঃ একাদশ (বিজ্ঞান)
রোলঃ ৩৭

তোমায় নিয়ে লিখছি রোজ

তোমায় নিয়ে লিখছি রোজ...
তবে উত্তর আজও নিখোঁজ...।
পৌষের শেষে মাঘে, কিংবা
বর্ষা বাদল শ্রাবণে
তবে বসন্তে একটু বেশি লিখি রোজ
কিন্তু তোমার কোন উত্তরের নেই খোঁজ....।

এক শীতের রাতে পাশে কেমিস্ট্রির বই খানা রেখে
তোমাকে নিয়ে অনেক বিক্রিয়া সাজালাম....
সবশেষে তুমি সোডিয়াম ক্লোরাইড হয়ে
খাবার লবণের নোনতা স্বাদ নিয়ে
আমার চোখের জলে মিশে গেলে
কিন্তু পরক্ষণেই পাইনি তোমার খোঁজ।

তবে কি তুমি নিজেই নিখোঁজ.....?

কবিতা তোমায় নিয়ে এখনো লিখছি রোজ
উত্তরের অপেক্ষায় বসে থাকি আমি
দিবা নিশি ভাবি তোমায় তবুও পাই না তোমার খোঁজ।

মাধুর্য রুপা
শ্রেণিঃ দ্বাদশ, শাখাঃ
রোলঃ ১৮

অন্তহীনা

অন্তহীনা
তার রুপ বৈকি ছিল তুখোড় সৌন্দর্যে অনাবৃত।
তার গায়ের রং ছিল রঙ্গিন সজীব সবুজ।
তাতে আবার হালকা লালচে বর্ণের ছোঁয়া।
সূর্যের কিরণে যেন সে ঝলমলিয়ে উঠে।
যেন প্রকৃতি তার সৌন্দর্যকে আরো প্রসংশিত করে।
যার ডালে-আবডালে জন্মে প্রেম, ভালোবাসা।
যে খুব যত্নে তার অঙ্গে ফুটায় কলি।
যে কলি ফুল হয়ে সুবাস ছড়ায় তার মাধুর্যের।
সে তো ছিল মনোহারিণী।
তার সৌন্দর্যের যশ ছিল প্রবল আবেগী।
সে শুধু নিজেতেই অনন্য নয় বরং ভিন্নতেও ছিল অন্যতম।
অন্তহীনা।
সে তো ছিল এক গোলাপ গাছ।
তার অন্তহীন রুপের ব্যাখ্যায় প্রেমিক দিয়েছে যার নাম।
অন্তহীনা আর নেই।
তার অগাধ প্রেমে পড়ে একবার তার রূপের ব্যাখ্যা দিয়েছিলাম বটে।
তবে প্রকৃত প্রেমিক হতে পারিনি।
প্রেমে আমি পড়লেও উপহার ছিল সে অন্য কারোর।
তার কাঁধে দিয়েছিলাম এক অসীম দায়িত্বভার।
তার অঙ্গে ফুটানো প্রতিটা কলি হতে গোলাপের ঘ্রাণে,
আমার প্রিয়কে সুরভিত করা ছিল যার কাজ।
আমাকে দিয়েছিল সে দু'টি গোলাপ ভালোবেসে, বাকি চারটি ছিল কলি।
অবহেলা আর অনাদরে শুকিয়ে গেল সে কলি,
মুড়ে গেল ফুল।
আজ তার অঙ্গ শুকিয়েছে, ঝড়ে গেছে সব পাতা ।
তার গায়ের রসে আর নেই কোনো সজীবতা।
রূপের মাধুর্য খোয়া গেছে তার জীর্ণশীর্ণ কাহিল ডালে....
মনোহারিণীর মনোহারিত্ব রয়ে গেছে বাকি হয়তো, তবে করুণ বড়!
এখন বোধ হয়েছে অবশেষে
আমার দায়িত্বের বোঝা তলে এমন হাল হয়েছে তার।

মো. মাহবুব রব্বানী মিজান
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া
রোল: ০২

শীত

হেমন্তকে পেছনে ফেলে
শীত এসেছে সেজে
চারদিক তাই যায় না দেখা
ঘন কুয়াশার ভিরে

ধনীরা সব থাকে ঘরে
আরাম আয়েশ করে
গরীবরা হায় শীতের মাঝে
কাজ করে তাই মরে।

সকালে উঠে মিষ্টি রোজ
পোহায় বৃদ্ধরা
গল্প-গুজব বসে শোনে
ছোট আর যুবক ছেলেরা।

সরিষা ফুলের গন্ধে গন্ধে
মৌমাছিরা মাতে
ফুল থেকে তাই মধু নিয়ে
ঘরে তারা ফেরে।

অতিথি পাখি এলো দেশে
মুগ্ধ করল মন
আনন্দে তারা উড়ে বেড়ায়
পুরো শীতের ক্ষণ।

শহর থেকে গ্রামে এলো
রিনা কৃষাণীর ছেলে
আনন্দে তাই মেতে গেছে
মিঠাপুলির ধুমে।

রেজওয়ানা তাসনিম
শ্রেণি: একাদশ, শাখা: ডালিয়া
রোল: ২৮

হৃদয় যদি বলে

আমি হৃদয় দিয়ে যা দেখি
ছন্দে অছন্দে তাই লেখি,
আমি অনুভবে যা ভাবি
মিলে অমিলে তাই লেখি।
আমি চলতে ফিরতে যা পাই
সুরে অসুরে তারে গেয়ে যাই,
আমি লেখি
মন যে ভাবে চায় আমার
বুঝতে চাই না অত
কবিতার গ্রামার।
তাইতো যা লেখি
অতি তুচ্ছ, নগণ্য মনে হয়,
কবিতা বলতেও হয় ভয়।

আফিফা নুবনাত তূবা
শ্রেণি: একাদশ, শাখা: মানবিক
রোল: ৪২

ম্যাগাজিনের কাব্য

হঠাৎ দেখি পড়ে গেছে ম্যাগাজিনের ধুম
কি যে লিখব ভাবছি বসে
নাইকো চোখে ঘুম।

সকাল বেলা শুরু হয়
স্কুলে যাবার পাল্লা,
দু'টোর পর সবার পেটে
লেগে ক্ষুধার জ্বালা।

সন্ধ্যে হলে পড়তে হবে
নইকো কোন ভুল,
কখন লিখি কি যে লিখি
ভেবে না পাই কূল।

ভাবতে ভাবতে চোখের পাতায়
নেমে আসে ঘুম,
ঘুমের মাঝে স্বপ্ন দেখি
কাব্য লেখার ধুম।

সকাল বেলা ওঠে দেখি
সময় যে আর নেই,
ম্যাগাজিনের কাব্য লেখা
শেষ হলো না তাই।

কে এম রায়হানুল ইসলাম
প্রভাষক
(রসায়ন)

পলাশ চন্দ্র মোদক
সহকারী শিক্ষক
(সংগীত)

উপহার বিনিময়

প্রণয় আনতে বিজন প্রান্তে
ধুধুময় সে মাঠে
ময়ূর নৃত্যে করুণ চিত্তে
পুষ্প আনিল গাঁটে।
হৃদয় ফুড়িয়া বাঁধন ছিঁড়িয়া
চাহে প্রতিদান দিতে।
কিন্তু কি দিব, কি দান দানিব
লাগিবে তোমার হিতে ?
নাহি কিছু তত দেওয়ার মতো
আছে শুধু মুখের ভাষা
প্রকাশিত আজ সংকোচ ত্যাজি
হৃদয়ের ভালোবাসা।
পাথরের পরে বিনা শিকড়ে
উঠায়াছি তালগাছ
কি গান গাহিয়া লতাইয়া লতাইয়া
দেখাইব কোন নাচ?
ধরিব যে পিছু পাই নাই কিছু
আকাশে তুলিব শির
করেছে সাক্ষাৎ প্রচন্ড আঘাত
শিলাবৃষ্টির তীর।
আমার বলা হলো তুমি এবে বলো
আহা সখী কি চাও?
নাহি কিছু তবে নিঃস্ব হে যবে
ভালোবাসা নিয়ে যাও।

(সংগৃহীত)

দেবাশীষ রায়
সহকারী শিক্ষক
(বাংলা)

দুঃখী

সুখের নীড়টা আজ
ভেঙ্গে গেছে হায়,
যন্ত্রণায় দিনগুলো আজ
আমার কেঁটে যায়।
কষ্টগুলো ঘিরে ধরে
আমার চারিপাশ,
পরিয়ে দেয় মনে আমার
হতাশার গ্রাস।
বিনা দোষে, দোষী আমি
শাস্তি কেন পাই,
এ জগতে বোঝার মতো
আমার কি কেউ নাই ?
দুঃখী আমি বড় দুঃখী
কেউ তো জানে না,
আমার মতো দুঃখী প্রভু
কাউকে করো না।

"আমার প্রত্যাশা-আমার পণ"

ভালো মানুষ হবো, আমি ভালো মানুষ হবো
যখন পিতা-মাতার স্নেহ তলে সদা-সর্বদা রবো।
বড়দের সম্মান করবো আর ছোটদের স্নেহ
নিজের আচরনে যেন কষ্ট পায় না কেহ।
পড়াশুনায় মনটি দিয়ে হবো ভালো মানুষ
বিবেক-বুদ্ধি আর আত্মসংযমে থাকে যেন হুশ।
দেশটাকে ভালো বাসবো আমি,মায়ের মতন করে
সবার ঐক্য প্রচেষ্টায় দেশটি যাবো গড়ে।
সোনার বাংলা সোনার দেশ গোলা ভরা ধান
সবার মুখে হাসি ফুটবে, গান আর গান।
এই দিনটার স্বপ্ন দেখি ভীষণ রকম
এই আমার প্রত্যাশা, এই আমার পণ ॥

আহনাফ আদিল
শ্রেণি: তৃতীয়, শাখা: ডালিয়া
রোল: ০২

আলি এবং ষাঁড়

এক গ্রামে ছিল এক কৃষক। কৃষকের ছিল একটি ষাঁড়। কৃষকের একমাত্র ছেলে আলি ষাঁড়টিকে দেখাশুনা করতো। কিন্তু তাহলে কি হবে ষাঁড়টি আলিকে মোটেই পছন্দ করতো না। সে প্রায়ই আলিকে শিং দিয়ে গুতো মারতো বা পা দিয়ে লাথি দিতো। কখনো বা দড়ি ছিঁড়ে পালিয়ে যেতে চাইতো।

একবার ঘটলো এক ভয়ঙ্কর কিন্তু মজার ঘটনা। ঘাস খাওয়ানোর জন্য আলি ষাঁড়টিকে মাঠে খুঁটি দিয়ে বেঁধে রেখে এসেছিল। এমন সময় ঈশান কোণে ঘন কালো মেঘে ঢেকে যায়। আকাশে ক্রমাগত বিজলি চমকাতে লাগলো। সেই সাথে মেঘের গর্জন। ষাঁড়টি ভয় পেয়ে এদিক ওদিক ছোটাছুটি শুরু করলো। কিন্তু কোনভাবেই দঁড়ি ছিঁড়তে পারলো না। এমন সময় আলি দৌড়ে গিয়ে ষাঁড়টিকে উদ্ধার করে বাড়ি নিয়ে এলো।

এরপর ষাঁড়টি তার ভুল বুঝতে পারলো। সে আলির সাথে তার বৈরি আচরণ ত্যাগ করলো। এখন ষাঁড়টি আর আলির সাথে খারাপ আচরণ করে না। সত্যি বলতে ষাঁড়টি আলির বন্ধু হয়ে গেল।



আতকিয়া বাশিরাহ্ আতফা
শ্রেণি: চতুর্থ, শাখা: ডালিয়া
রোল: ২০

সিংহ ও খরগোশ

এক বনে এক সিংহ ছিলো। সেই সিংহের বয়স হয়েছিল। সে আর শিকার করতে পারে না। সে বনের সব পশুকে একটি করে নম্বর দিল। যার নম্বর যে দিন সে সেই দিনেই সিংহের কাছে আসতো যাতে সিংহ তাকে খেতে পারে। এই রকম করতে করতে বনের অনেক প্রাণী মারা গেল। একদিন পালা এলো ছোট্ট খরগোশের মায়ের। মা খরগোশ তার ছেলেকে বললো "বাবা আমি তো সিংহের কাছে যাচ্ছি ওর খাবার হয়ে। তুই সাবধানে থাকিস। কোন দুষ্টুমি করিস না।" এই কথাগুলো মা খরগোশ কাঁদতে কাঁদতে বললো। ছোট্ট খরগোশ বললো, "মা তুমি কোন চিন্তা করিও না। আমি এক ছোট্ট খরগোশ সবই বুদ্ধির খেল।" এই কথা বলে খরগোশ তার মায়ের পরিবর্তে সিংহের কাছে চলে গেল। তার যাবার পথে শিয়ালের সাথে দেখা হলো। শিয়াল বললো, "এই ছোট্ট খরগোশ কোথায় যাও?" খরগোশ বললো, "সিংহের কাছে।" খরগোশ আবার বললো "আমি ছোট্ট খরগোশ সবই বুদ্ধির খেল।" খরগোশ আবারো বললো, "ঠিক দুপুরে পুকুরের ধারে চলে এসো। আসিও কিন্তু।" এই কথা বলে খরগোশ রওনা হলো। খরগোশের সাথে আবার দেখা হলো বানোরের। বানোরও একই প্রশ্ন জিজ্ঞেস করলো। খরগোশ ঠিক একই উত্তর দিল। খরগোশ শিয়ালকে যেখানে দেখা করতে বলেছে। সে একই রকম ভাবে তাকেও সেখানে আসতে বললো। খরগোশের সাথে আরো অনেকের দেখা হলো। সে সেই একই উত্তর দিয়েছে এবং একই স্থানে যেতে বলেছে। তারপর খরগোশ সিংহের কাছে গিয়ে পৌঁছায়। সিংহ তো রেগে বসে আছে। সে খরগোশকে বললো "এই ছোট খরগোশ তোমার মা কই? তাকেতো দেখতে পাচ্ছি না। সে কোথায়?" খরগোশ বললো- "মহারাজ আমি আমার মায়ের পরিবর্তে এসেছি।" সিংহ বললো- "এতো দেরিতে এসেছো কেন?" "মহারাজ আমি অনেক কষ্টে বেঁচে এসেছি? খরগোশ আরও বললো- "মহারাজ আমাকে পুকুরের কাছে আরও একটি সিংহ বলল- এই খরগোশ এখানে এসো আমি তোমাকে খাবো।" এই কথা শুনে সিংহ আরো রেগে গেলো। সিংহকে এইভাবে খরগোশ বোকা বানালো। সিংহ বললো চলো খরগোশ আমিও তোমার সাথে যাবো। সিংহ ও খরগোশ পুকুরের ধারে গেল। সেখানের পানিতে সিংহ নিজের প্রতিবিম্বকে আরো একটি সিংহ মনে করেছিল। তারপর সিংহ জোরে গর্জন করে ওঠে এবং সে পানেতে ঝাপ দেয়। কিন্তু সিংহ তো আর সাঁতার পারে না। তাই সে সবার কাছ থেকে সাহায্য চায়। কিন্তু কেউ তাকে সাহায্য করে না। তখন আড়াল থেকে সব প্রাণীরা বেড়িয়ে আসে। তখন খরগোশ বলে "কি হলো সিংহ মশাই কি খবর? ডুবতে কী ভালো লাগছে?" তারপর সিংহ ডুবে যায়। এইভাবে খারাপ সিংহ মারা যায় ও বনের সব প্রাণী সুখে-শান্তিতে বাস করে। আর আমাদের ছোট্ট খরগোশ শান্তিতে নিজের মায়ের সাথে বাস করে।

জয়িতা বর্মণ
শ্রেণিঃ চতুর্থ, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৫

শিয়াল ও বুড়ির গল্প

একটি বিশাল বন। বনের পশ্চিম পার্শ্বে একটা ছোট মাটির ঘর। সে ঘরে দীর্ঘ কয়েক যুগ থেকে এক বুড়ি বাস করতো। তার ঘরের গা ঘেঁসে একটা বড় শিমুল গাছ ছিল। সেই গাছের গর্তে একটি মস্তবড় খেঁকশিয়াল বাস করতো। একদিন বুড়ি বলতে লাগলো প্রতি রাতেই শিয়ালের অত্যাচার। কি যে করি? ভেবেই পাই না। শিয়াল কোথাও চলেও যায় না আবার মরেও না শুধু রাত জেগে জেগে মুরগি ধরে আনে আর খায়। কার ঘরের মুরগি যে সাবার করছে কে জানে! শিয়াল সকাল সকাল ভুরিভোজ সেরে আরামে নাক ডাকতে ডাকতে ঘুমাচ্ছিল। হঠাৎ বুড়ির বকবকানিতে তার ঘুম ভেঙে যায়। জেগেই শিয়াল শুনতে পেল বুড়ি তাকে বকছে। শিয়াল বুড়ির উপর ভীষণ রেগে যায় এবং মনে মনে ভাবে 'বুড়ির মোরগ দু'টি খেয়ে বুড়িকে উচিৎ শিক্ষা দিতে হবে'।

পরদিন সকালে বুড়ি বললো 'আর পারি না বাপু! কি যে করি? আবার মোরগ দু'টো গেল কই? কোন সারা-শব্দ পাচ্ছি না কেন? মোরগ দু'টো না থাকলে যে আমি মহা বিপদে পড়বো। কারণ প্রতিদিন আমার ঘুম ভাঙ্গে মোরগের ডাকে। এতদিন মোরগ দু'টোকে চোখে চোখে রেখেছিলাম। আজ হঠাৎ তুলির বাসায় বেড়াতে গিয়েছিলাম। কতদিন পর মেয়েটাকে একনজর দেখলাম। নাতনি দু'টিকে আমার মনটা ভরে গেল। তবে মোরগ দু'টি এখনো কেন এলো না শিয়ালটা আবার খেয়ে ফেললো না তো? কথা শেষ হতে হতেই মোরগ দু'টি এসে হাজির।

শিয়াল মাদুর পেতে বসে বসে ভাবছিল কিভাবে মোরগ দু'টিকে খাওয়া যায়। শিয়াল মনে মনে বলল 'বুড়ি তুই যখন বিনা অপরাধে আমাকে বকেছিস এবার তোকে দেখাবো মজা উচিৎ শিক্ষা দিয়ে তবেই ছেড়ে দিব। বুড়ি বকবক করতে করতে ঘুমিয়ে পড়ল। সেদিন আবার বুড়ি মোরগের ঘরের দরজা লাগানোর কথা ভুলেই গিয়েছিল। শিয়াল সে রাতেই বুড়ির দু'টি মোরগ একে একে মজা করে খেয়ে ফেলল। প্রতিদিন মোরগের ডাকে বুড়ির ঘুম ভাঙ্গে। কিন্তু সেদিন মোরগও ডাকে না, বুড়ির ঘুম ও ভাঙ্গে না। বুড়ি হঠাৎ জাগার পর তাড়াতাড়ি মোরগের ঘরের দিকে যেতে লাগল। গিয়ে দেখে মোরগের ঘরের দরজা খোলা। মোরগ দু'টিও নেই। বুড়ি মনে মনে খুব কষ্ট পেল কারণ বিনা অপরাধে শিয়ালকে বকা দেওয়া ঠিক হয়নি। মোরগ দুটি ছোট থেকে রড় হলো কই শিয়াল তো কখনো তাদের খায়নি! তবে কি কাল রাতে শিয়ালকে বুড়ি বকা দিয়েছে বলে রেগে গিয়ে তার মোরগ দুটিকে খেয়ে ফেললো।
বুড়ি তার ভুল বুঝতে পারলো। তারপর শিয়ালের গর্তে সামনে গিয়ে বলে 'শিয়াল তুই কোথায় রে? বের হ তো গর্ত থেকে।'
শিয়াল বেড়িয়ে আসলো আর বলল 'কি হয়েছে রে বুড়ি?'
বুড়ি বলল 'তোকে না বুঝে বকা দেওয়ার জন্য আমি দুঃখিত।'
শিয়াল বললো 'ঠিক আছে বুড়ি। আমিও না বুঝে তোর মোরগ দুটিকে খেয়ে ফেলেছি। আমাকেও ক্ষমা করে দে।
বুড়ি বলল 'ক্ষমা করলাম, তবে আজ থেকে আমি শপথ করছি বিনা অপরাধে কাউকে কখনো বকা বা গালি দিব না।'

হাছনা মাহামুদ
শ্রেণিঃ চতুর্থ, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৮

আমার কক্সবাজার ভ্রমণ

আমি বাসে করে কক্সবাজারে গিয়েছিলাম। ওখানে গিয়ে আমি সমুদ্র সৈকতে গিয়েছি। অনেক মজা করেছি। আমি ঝিনুকও কুড়িয়েছি। ফিস ওয়ার্ল্ডে গিয়েছি। অনেক ধরনের মাছও দেখেছি। ওখানে অনেক প্রকারের মাছ ছিল। আমি তারা মাছ এমনকি পিড়ানহা মাছ ও সার্ক দেখেছি। শুধু কুমির দেখিনি। সমুদ্র সৈকত অনেক বড় ও সুন্দর ছিল। আমরা অনেক মজা করেছি। আমরা গাড়িতে করে বান্দরবন গিয়েছি। ওখানে গিয়ে একজন চাকমার সাথে ছবি তুলেছি। ওর নাম ছিল "পূর্ণিমা"। ওর একটা চা এর দোকান ছিল। কিন্তু সময় না থাকার জন্য চা খেতে পারিনি। ওখানে গিয়ে আমরা অনেক মজা করেছি।



আতকিয়া বাশিরাহ্ আতফা
শ্রেণিঃ চতুর্থ, শাখাঃ ডালিয়া
রোলঃ ২০

ক্ষণিকের বন্ধুত্ব

আমি রাঙ্গামাটি গিয়েছিলাম। রাঙ্গামাটিতে আমি বাসে করে গিয়েছি। সেখানে আমার একজন মারমা বন্ধু হয়েছে। তার নাম ছিল পুনমাই। তার সাথে করে আমি আরো অনেক বন্ধুর সাথে পরিচিত হয়েছি। আমি মারমাদের ঐতিহ্যবাহী পোশাক থামি ও আঙ্গি পরেছি। আমি ও আমার মা, বাবা ও ভাইসহ পাহাড়ে উঠেছি। পাহাড়ে উঠে আমরা মেঘ দেখেছি। আমি ও আমার মারমা বন্ধু অনেক ধরনের খেলা খেলেছি। আমি আমার বন্ধুর সঙ্গে তার মা, বাবা ও তার ছোট বোনকে দেখেছি। তার বোনের নাম ছিল মারিমাম। আমি ও আমার পরিবার মারমাদের প্রিয় খাবার শুঁটকি মাছের ভর্তা যা মারমারা নাপ্পি বলে চেনে তা খেয়েছি। আমি আমার বন্ধু পুনমাই ও আমার পরিবারের সঙ্গে অনেক জায়গায় ঘুরেছি। আমি যেদিন বাসায় ফিরবো সেই দিন আমার বন্ধু পুনমাই আমাকে ওদের ঐতিহ্যবাহী পোশাক উপহার দিয়েছে। আমি ওকে একটি চকলেটের বক্স উপহার দিয়েছি।

সাফিয়াহ্ রহমান হিয়া
শ্রেণিঃ পঞ্চম, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৯

রহস্যময় গান

সিয়াম গান পাগল একটি ছেলে। যেখানেই গান শোনে সেখানেই গানের সাথে সাথে নেচে ও তালি দিয়ে গানে তাল দেয়। সিয়াম পড়াশোনায় বেশি একটা ভালো না। সে আজ পর্যন্ত পরীক্ষায় সর্বোচ্চ নম্বর কখনোই পায়নি। সারাক্ষণ গান ও সুর নিয়েই পড়ে থাকে। এর জন্য সিয়ামকে তার মা ও বাবার প্রচুর বকুনি ও মারও খেতে হয়। তার মা ও বাবা তার পরীক্ষার খাতা দেখেই সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত শুরু করে দেয় বকুনি।

সিয়াম ভূতকে খুব ভয় পায়। একদিন স্কুল থেকে তাকে গণিত খাতা দেওয়া হলো। সে এবার গণিতে একশর মধ্যে মাত্র বিশ পেয়েছে। সে এই গণিত খাতা হাতে নিয়ে বাসায় ফিরছে। সে ভাবছে তার ভাগ্যে আজকে নির্ঘাত বেতের মার আছে। সে বাসায় পৌঁছে গেল। তার মা-বাবা অস্থির হয়ে তার জন্য অপেক্ষা করছে। সে বাসার কলিংবেল ভয়ে ভয়ে বাজালো। বাবা-মা দরজা খুলেই তাকে প্রশ্ন করে উঠল বাবা সিয়াম "তোর আজ গণিত খাতাটা দিয়েছে না? কত পেয়েছিস? আমরা জানি তুই এবার গণিতে অনেক ভালো নম্বর পেয়েছিস তাই না?" সিয়াম লজ্জায় খাতাটা পিছনে লুকিয়ে নিজের মুখ আড়াল করলো। তার মা বলল- "কিরে চুপ করে আছিস কেন? দেখি তোর খাতাটা কত পেয়েছিস"- বলে তার হাত থেকে খাতাটা কেড়ে নিল। তার এই নম্বর দেখে মা-বাবা রেগে লাল হয়ে গেল। শুরু হয়ে গেল বকুনি। বকুনি চলতে থাকল সন্ধ্যা পর্যন্ত।

বকুনি শোনার পর সিয়ামের মন ভীষণ খারাপ হয়ে গেল। সে ছাদে গেল মন ভালো করতে। ছাদে কেউ নেই ঘুটঘুটে অন্ধকার। সে একা বসে আছে। ছাদে অনেক বাতাস। সিয়ামদের বাড়িটি অনেক নিরিবিলি জায়গায়। আশেপাশে তেমন কোন বাড়ি নেই বললেই চলে। আছে কিন্তু অনেকটা দূরে। সিয়াম ছাদে বসে বাতাস উপভোগ করছিল। ছাদে একা থাকার কারণে কিছুক্ষণ পর তার একটু একটু ভয় লাগছিল। সে তো আবার ভূতকে অনেক ভয় পায়। হঠাৎ করে সে একটা গানের আওয়াজ শুনতে পেল। গানটা কোন ভাষার সেটা ও বুঝতে পারছিল না। সে তার শরীরে এক অদ্ভূত ধরনের সুড়সুড়ি ও চুলকানি অনুভব করলো। তার ভয় আরও বেড়ে গেল। সে আশেপাশে তাকিয়ে দেখলো। কাউকে গান বাজাতে দেখলো না সে। তারপর সে ভাবলো গান হলে তো আর তার কিছুই লাগে না। সে গানের সাথে তাল মিলাতে যেই না তালি দিল, সেই গানটা বন্ধ হয়ে গেল। তারপর সে দেখলো তার হাতে কী যেন চিটচিট করছে। সে তার ফোনের লাইট জ্বালিয়ে দেখলো তার হাতে রক্ত। তারপর সে বুঝলো যে এটা আসলে কোন শিল্পীর গান। "ভনভন ভনভন ভনভন"।

মোছা. জারিন
শ্রেণিঃ পঞ্চম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩৫

ভূতের নাম কটকটি

ঈদের ছুটিতে আনহা মায়ের সাথে বেড়াতে আসে মামার বাড়িতে। আনহার ছোট মামার নাম লিয়ন। লিয়ন খুব সাহসী লোক। আনহা ছোট মামার খুব ভক্ত। বেড়াতে আসলেও অধিক সময় ছোট মামার সাথেই কাটায়। যদিও রাতে মায়ের সাথেই ঘুমায় কিন্তু এবার তার ব্যতিক্রম ঘটল। রাতে খাবার পর্ব শেষ হলে সে লিয়নের ঘরে এসে লিয়নকে বললো, ছোট মামা, আজ আমি তোমার সাথে ঘুমাবো। লিয়ন বললো, তোর মাকে বলেছিস? হ্যাঁ, মা বলেছে তোমার সাথে ঘুমাতে। লিয়ন বললো, তাহলে শুয়ে পড়। আনহা লিয়নের পাশে বসে বললো, তার আগে আমাকে তোমার গল্প শোনাতে হবে। লিয়ন জিজ্ঞেস করলো, কিসের গল্প? আনহা বললো, শুধু ভূতের গল্প। আচ্ছা ছোট মামা, তুমি কী কখনো ভূত দেখেছো? লিয়ন বললো, শুধু দেখিনি, মেরেছিও। আনহা বলে, বলো কী ছোট মামা! তুমি ভূত মেরেছো?

লিয়ন বললো, তাহলে আর বলছি কি?

আনহা বললো কিন্তু ভূতেরা তো খুব ভয়ংকর হয়ে থাকে। ভূত দেখলে নাকি মানুষ ভয় পায়। তুমি পাওনি?

লিয়ন বললো, ভয়তো পায় ভীতু লোকেরা আমি তো ভীতু নই।

আনহা বললো তাহলে বলো তো শুনি কীভাবে তুমি ভূত মারলে?

লিয়ন বললো, শোন বলছি, আমাদের লিচু গাছটা তো তুমি চেনো। গত বছর যখন লিচুতে পাক ধরেছে, তখন নানা আমাকে বললেন লিচু বাগানে পাহারা দেবার জন্য।

আনহা বললো পাহাড়া দিতে বললেন কেন? লিয়ন বললো, পাহাড়া না দিলে রাতের বেলায় কাঠবিড়ালী, বাদুর সব লিচু খেয়ে ফেলবে। এমনকী গায়ের ছেলে-মেয়েরা মিলে সব লিচু চুরি করবে তাই।

আনহা বললো ও আচ্ছা। তারপর বলো ভূত মারলে কীভাবে?

লিয়ন বললো, সে কথাইতো বলছি। তোমার নানার কথামতো আমি লিচু বাগান পাহাড়া দেবার জন্য সেখানে বাঁশ দিয়ে মাচা তৈরি করলাম। রাতের বেলায় হারিকেন জ্বেলে সেখানে বসে পাহাড়া দেই।

আনহা বললো, তুমি একা?

লিয়ন বললো, না আমার সাথে তোর বড় মামা রাজীব ভাই থাকতো। রাজীর হলো লিয়নের পাশের বাড়ির ছেলে। আনহা বললো, তারপর। লিয়ন বলল তারপর একদিন তোমার রাজীব মামা বাড়িতে ছিলো না। সেদিন আমি একাই গেলাম বাগান পাহাড়া দিতে। আমার হাতে ছিল আড়াই হাত লম্বা বাঁশের লাঠি। আমি বসে থেকে বাগান পাহাড়া দিচ্ছি। হঠাৎ কট কট করে একটা শব্দ হলো। শব্দকে লক্ষ্য করে আমি এগিয়ে গেলাম। কিন্তু সে রকম কিছু দেখতে পেলাম না। কাছে যেতেই শব্দটা বন্ধ হয়ে গেল। আমি আবার মাচাতে এসে বসলাম। খানিক পর পূণরায় শুনতে পেলাম কট কট শব্দ। একটা কুৎসিত চেহারার লোক, মাথায় এলামেলো চুল, বিস্ফরিত দুটো চোখ, হাতে লম্বা লম্বা নখ, দাতগুলো রাক্ষসের মতো। পরনে ছেড়া ফাটা জামা। আমার দিকে রাক্ষসের মতো এগিয়ে আসছে আর বলছে আমার নাম কটকটি ভূত। অনেকদিন পরে তোকে বেটা পেয়েছি। আজ আর ছাড়ছিনে। আমি বুঝতে পারলাম, এটা ভূত ছাড়া আর কিছুই না। হাতের লাঠিটা শক্ত করে ধরলাম। আমার কাছে এগিয়ে আসতেই আমি গায়ের সবটুকু শক্তি দিয়ে মাথায় আঘাত করলাম। সাথে সাথে একটা বিকট চিৎকার শোনা গেল। পরক্ষণে দেখি ভূত নেই। আমার মাচার পাশে মরে পরে আছে একটা রক্তাক্ত কাক।

আনহা বললো, কাক!

লিয়ন বললো, হ্যাঁ কাক। বোধহয় ভূতটাই মরে কাক হয়ে গেছে।

আনহা বললো, তোমার তো দারুন সাহস ছোট মামা। অন্য কেউ হলে তো ভূতটাকে দেখে ভয়েই মরে যেত, তাই না?

লিয়ন বললো হয়তো তাই। এসো এবার ঘুমানো যাক। বলে লিয়ন শুয়ে পড়লো, সাথে আনহাও।

রিতু রানী
শ্রেণিঃ পঞ্চম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৪৪

ভূতের তালগাছ

একটি গ্রামে হিয়া নামে একটি মেয়ে তার বাবা-মা, দাদা-দাদির সঙ্গে বসবাস করত। হিয়া লেখাপড়াতে অনেক ভালো। প্রতিবার পরীক্ষায় সে প্রথম হতো। হিয়া ছিল খুব নম্র ও ভদ্র। বড়দের সাহায্য করতো, শ্রদ্ধা করতো এবং ছোটদের আদর করতো। এজন্য সবাই তাকে খুব ভালোবাসতো। কিন্তু তার বাড়ির পাশে তালগাছে একটি ভূত থাকতো। ভূতটির নাম মোটু। কারণ সে খুব খেত এজন্য ভূতটির নাম মোটু। মোটু ছিল খুব দুষ্ট। একটি হিয়া অংক করছিলো তখন মোটু তার বইয়ের পৃষ্ঠা বদলে দিল। হিয়া বুঝতেই পারে নি তার বইয়ের পৃষ্ঠা বদলে গেছে। পাশের ঘরে গিয়ে সে খুবই জোড়ে সাউন্ড দিয়ে টিভি চালিয়ে দেয়। সবাই ভাবে হিয়া টিভি চালিয়েছে। হিয়ার কথা কেউ বিশ্বাস করলো না, যে হিয়া টিভি চালায় নি। আজ হিয়ার গণিত পরীক্ষা। সে কোনো অঙ্ক করতে পারছে না। কারণ মোটু ভূত তাকে পড়তে দেয়নি। শুধু বিরক্ত করেছে। সে অঙ্ক পারছিল না দেখে মোটুর খুব কষ্ট হয়। সে তাকে সব কথা খুলে বললো। হিয়া বললো কোন সমস্যা নেই পরের বার আর এই রকম করবে না। মোটু সেই দিন থেকে ভালো হয়ে গেল।

নাহিদ
শ্রেণিঃ পঞ্চম, শাখাঃ ডালিয়া
রোলঃ ৩৪

হায়রে নকল

সোহেল ও রাসেল দুই বন্ধু। সোহেল পড়াশুনায় ভালো। বিপরীত হলো রাসেল। অর্থাৎ পড়ালেখায় বেজায় খারাপ। তারা দুই বন্ধুই ক্লাস ওয়ান থেকে একসাথে পড়ে ডিগ্রি পরীক্ষা দিয়েছে। কিন্তু মজার ব্যাপার হল- রাসেল ক্লাস ওয়ান থেকেই সোহেলের পেপার দেখে লিখে পাশ করেছে। আজ তারা দুই বন্ধু এক জায়গায় চাকরির ইন্টারভিউ দিবে। রাসেল সোহেলকে বলল- তুই প্রশ্নের উত্তরগুলো একটি জোরে জোরে বলবি। আমি জানালার দিকে কান পেতে থাকবো। তোর উত্তরগুলো মুখস্ত করতে পারল আর কোন সমস্যা হবে না। ইন্টারভিউ শুরু হল।
প্রশ্নকর্তা সোহেলকে জিজ্ঞাসা করলেন বলুন তো বাংলাদেশ কবে স্বাধীন হয়েছে?
সোহেল : সেই বায়ান্ন সাল থেকে প্রক্রিয়া শুরু হয়ে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর এর পরিসমাপ্তি ঘটে।
প্রশ্নকর্তা : ভেরি গুড! আচ্ছা, এবার ১৯৭১ সালের শহিদদের এর মধ্য থেকে ৫/৬ জন শহিদের নাম বলুন।
সোহেল : স্যার! লক্ষ লক্ষ মানুষের মধ্যে ৫/৬ জনের নাম বলে বাকিদের আমি খাটো করতে চাই না
প্রশ্নকর্তা : ঢাকা শহরের যানজট নিরসনের উপায় কি?
সোহেল : এ সম্পর্কে স্যার এখনো গবেষণা চলছে। রেজাল্ট বের হলে আপনি আমি সবাই জানতে পারবো।
প্রশ্নকর্তা : ভেরি গুড! এবার আসতে পারেন পরে ফলাফল জানানো হবে।
রাসেল জানালার ফাঁক দিয়ে উত্তরগুলো শুনেছিল। কারণ প্রশ্নকর্তা আস্তে আস্তে প্রশ্ন করেছিল বিধায় রাসেল প্রশ্ন শুনতে পায়নি। তাই সে মনে মনে উত্তরগুলো মুখস্ত করে নির্ভয়ে ইনটারভিউ রুমে প্রবেশ করল।
প্রশ্নকর্তা রাসেলকে জিজ্ঞাসা করলেন- আচ্ছা বলুন তো আপনার জন্ম কত তারিখে হয়েছিলো?
রাসেল : সেই বায়ান্ন সাল থেকে প্রক্রিয়া শুরু হয়ে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর এর পরিসমাপ্তি ঘটে।
প্রশ্নকর্তা ভাবলেন- হয়তো অন্যমনস্ক থাকায় প্রশ্ন বুঝেনি। তাই অন্য প্রসঙ্গ নিয়ে বললেন, আপনার বাবার নাম কী?
রাসেল : স্যার! লক্ষ লক্ষ মানুষের মধ্যে ৫/৬ জনের নাম বলে বাকিদের আমি খাটো করতে চাই না।
প্রশ্নকর্তা আশ্চর্য হয়ে বললেন আপনি পাগল না কী?
রাসেল : এই সম্পর্কে স্যার এখনো গবেষণা চলছে। রেজাল্ট বের হলে আপনি আমি সবাই জানতে পারবো।
এসব শুনে প্রশ্নকর্তা একেবারে 'থ' হয়ে গেলেন।

মেহ্‌জাবিন সরকার রপ্ত
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৪

আমার শৈশব

শৈশব মানেই মিষ্টি কিছু স্মৃতি। কারও কাছে আবার শৈশব মানে আনন্দের সময় ও হইহুল্লোর। কিন্তু আমার কাছে শৈশব আর পাঁচজনের মতো ছিলো না। আমার শৈশবে খুব একটা আনন্দ ছিলো না। আমার মা এবং বাবা দুইজনই চাকরি করতেন। আমার বাবা থাকতেন নাটোরে এবং মা সকালে অফিসে চলে যেতেন। সারাদিন আমি বাড়িতে একা থাকতাম। ৩ বছর বয়স থেকে একা থাকা শুরু হয়। মা আমাকে সকালে খাইয়ে দিয়ে অফিসে যেতেন এবং আমার দুপুরের খাবার দিয়ে যেতেন। তোমরা হয়তো ভাবছো, এতে কষ্টের কী আছে? আসলে সেই খাবারটা সবসময় আমি খেতে পারতাম না। আমি খাবারটা বাইরে এনে খেতাম এবং পাখিরা এসে সেই খাবার খেয়ে যেত। রেখে যাওয়া খাবারের অধিকাংশটুকুই পাখিরা খেত। আমি না বুঝেই পাখির খাওয়া খাবারটা খেতাম। অফিসে যাওয়ার সময় মা আমাকে একটা পাউরুটি কিনে দিয়েছিলেন যাতে আমি সেটা খেতে পারি। কিন্তু সেই পাউরুটিটা আমি না, এক কাক নিয়ে চলে যায়। মাঝে মাঝেই এমন ঘটনা ঘটত। এভাবেই কেটেছে আমার না বোঝার ছোটবেলা। আমার যখন বয়স সাড়ে চার বছর, আমার দেখাশুনার জন্য তখন আমার মা একজন আপুকে রেখেছিলেন। কিন্তু সে আমাকে মাঝে মাঝেই চাপা মার দিত। আমি ছোট হওয়ার কারণে সেই চাপা মারের কথা মাকে বলতে পারতাম না। দিনের বেলাটা এমন কাটলেও রাতের বেলা ছিলো পুরো ভিন্ন। সন্ধ্যার পর মা আসতো। বই পড়া, গল্প করা, নানা ধরনের খাবার খাওয়া, টিভি দেখা ইত্যাদি। শুক্রবারটা ছিলো অন্যরকম অনুভূতি। বাবা আসতো অনেক চকলেট নিয়ে। দেরিতে ঘুম থেকে ওঠা, সকালে বিভিন্ন ধরনের নাস্তা, দুপুরে ভারী ও মজাদার খাবার ইত্যাদি। আর বিকেলবেলায় ঘুরতে যাওয়া। এ এক অন্যরকম অনুভূতি।

মহাসিন সরকার
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ড্যাফোডিল
রোলঃ ৬৮

শিয়াল ও কুমিরের গল্প

শিয়াল ও কুমির দুই বন্ধু। তারা ছিলো খুব ভালো বন্ধু। দুই বন্ধুর মধ্যে শিয়াল খুব চালাক আর কুমির বোকা। দুই বন্ধু মিলে একদিন বুদ্ধি করলো যেকোন কিছুর চাষ করবে। সবার প্রথমে আলুর চাষ করে। অনেক আলু ধরে। চালাক শিয়াল বলল বন্ধু তুই আগে বল কোন অংশ তুই নিবি? কুমির ভাবলো যে মাটির তলে তো কোন কিছুই থাকে না। আমি তাহলে আগা নেই। কুমির বলল আমি আগা নিবো। যেই বলা সেই কাজ। সবার প্রথমে কুমির আগা কেটে নিয়ে গেল। তারপর শিয়াল আলু নিয়ে আসলো। শিয়াল আলু দিয়ে আলুর বাটাম খায়। আর ও দিকে কুমির আলুর ডালপালা দেখে এবং বলে যে আমি আর কখনোই আগা নিব না।

তারপর আরেকদিন শিয়াল এসে কুমিরকে বলল এবং তাহলে আমরা ধানের চাষ করি। দুজন মিলে আবার ধানের চাষ করে। এক দুই মাস যায় তারপর শিয়াল কুমির বলে চলো এখন ধান কাটতে যাই। বোকা কুমির বলে বন্ধু তুই এবার বল যে আগা নিবি না গোরা নিবি। শিয়াল লাফিয়ে বলল আগা নিব। শিয়াল আগা কেটে নিয়ে যায়। আর কুমির আবারো আগের মতো ফাকিতে পরে।

মো. কলবতান মিয়া
শ্রেণি: ষষ্ঠ, শাখা: ড্যাফোডিল
রোল: ৪২

বোকা কুমিরের গল্প

এক দেশে ছিল এক কুমির। তার ছিল তিন বাচ্চা। বাচ্চাদের লেখাপড়ার কথা ভেবে কুমির খুব চিন্তিত ছিল। একদিন সে জানতে পারলো শেয়াল পণ্ডিত চশমা চোখে দিয়ে লাঠি হাতে নিয়ে অনেক ভালো পড়ায়। তাই সে তৎক্ষনাৎ বাচ্চাদের নিয়ে গেল শেয়ালের কাছে। আর বলল, বাচ্চাদের একটু ভালোভাবে পড়াবেন। মাস শেষে ভালো মাইনে পাবেন। শিয়াল খুশি মনে রাজি হয়ে গেল।

এদিকে শিয়াল বাচ্চাদের পড়ালো তিন থেকে এক বাদ দিলে কত থাকে?

বাচ্চারা বলল আমরা তো জানি না। শিয়াল তখন একটা বাচ্চাকে আড়ালে নিয়ে খেয়ে এসে বললো, এবার কত থাকে?

বাচ্চারা বলল, দুইটা। সাবাস! ঠিক বুঝতে পেরেছো। এইতো শিক্ষা হল। পরের দিন আবার সেই আগের মতো প্রশ্ন, দুই থেকে এক বাদ দিয়ে কত থাকে? বাচ্চারা আগের মতো বলল, জানি না।

এবারো শিয়াল আড়ালে নিয়ে আরেকটা খেয়ে ফেলল এবং আগের মতো সাবাস দিল। এরপরের দিন কুমির এলো বাচ্চাদের দেখতে। শিয়ালকে বলল বাচ্চাদের কী খবর?

শিয়াল বলল খুব ভালো। তোমার বাচ্চাদের বিয়োগ অঙ্ক শিখিয়েছি। শুনে কুমির খুব আনন্দিত হল এবং বাচ্চাদের দেখতে চাইল। শিয়াল চালাকি করে এক বাচ্চাকেই একের পর এক ঘুরিয়ে এনে তিনবার দেখালো। কুমির খুশি মনে বাড়ি ফেরে গেল।

আর শিয়ালকে বলল, অমুক তারিখে এসে বাচ্চাদের নিয়ে যাবে। পরের দিন শিয়াল শেষ বাচ্চাটাও খেয়ে শিয়ালিনীকে বলল, চলো এবার আমরা পালাই। নির্দিষ্ট দিন কুমির এসে শিয়ালকে ডাকল, কিন্তু কোনো সাড়া পেল না। তখন সে গুহার ভেতরে দিয়ে দেখলো, সেখানে কুমিরের বাচ্চাদের হাড় ছাড়া কিছু নেই।

সে রেগে গিয়ে বলল, দাঁড়া বেটা শিয়াল, তোকে পেয়ে নেই।

এদিকে শিয়াল দেখলো, কুমিরের কোন খবর নেই। তাই সে শিয়ালীনিকে বলল, চলো খালের ওপার থেকে খাবার নিয়ে আসি।

সে খালেই ছিল কুমির। ওরা যখন খাল পার হচ্ছে, কুমির দেখলো এইতো সুযোগ। শিয়ালিনী পাড় হয়ে গেল। শিয়াল যখন পাড় হতে লাগলো, কুমির সেই সুযোগে শিয়ালের পায়ে দিল কামর। শিয়াল দেখল এখন তো মহাবিপদ। তৎক্ষণাৎ শিয়ালের মাথায় বুদ্ধি খেলে গেল। সে শিয়ালিনীকে বলল, ওগো! কে যেন আমার লাঠিতে কামড়ে ধরেছে। কুমির ভাবলো, মনে হয় সে সত্যিই লাঠি ধরেছে। তাই সে শিয়ালের পা ছেড়ে দিল। সে বারের মতো শিয়াল রেহাই পেল। কুমির নতুন নতুন ফন্দি আঁটতে লাগলো। কি করে শিয়ালকে ঘায়েল করা যায়। একদিন কুমির ধু ধু বালুর মধ্যে মাঠে মরার মতো ভান করে শুয়ে রইল। দেখে বোঝার উপায় নেই সে মৃত না জীবিত। কুমির ভাবলো শিয়াল আমায় মৃত ভেবে খেতে আসবে, আর এই সুযোগে আমি শিয়ালকেও দেখে নিব। এদিকে দুদিনের ক্ষুধার্ত শিয়াল খাবারের সন্ধানে পথ দিয়ে যাচ্ছিলো। পথিমধ্যে মরা কুমির দেখে বলল, এইতো খাবারের সন্ধান পাওয়া গেল। এবার মজা করে খাওয়া যাবে। কিন্তু কুমির সত্যিই মরা কিনা সে ব্যাপারে সন্দেহ হলো। একটু পরীক্ষা করে দেখবে ভাবলো। সে কিছু দূরে দাড়িয়ে কুমিরকে শুনিয়ে শুনিয়ে বলতে লাগলো ছি: ছি: এমন চার পাঁচ দিনের মরা গন্ধওয়ালা কী করে খাওয়া যায়? একটু তরতাজা হলে আজকের ভোজননটা বেশ মজার হতো। এখন যেহেতু মরা থাক এবার চলে যাই।

কুমির ভাবল, আমি আমার লেজটা একটু নাড়াবো, আমাকে তাজা ভেবে শিয়াল খেতে আসবে। যেই ভাবা সেই কাজ। কুমির তার লেজটা একটু নাড়া দিল। শিয়াল তা দেখে বলল, ও তুমি আমাকে ফাঁদে ফেলার জন্য মরার ভান করেছ?

এই বলে শিয়াল সেখান থেকে দৌড়ে পালিয়ে প্রাণে বাঁচলো। এদিকে বোকা কুমির বুক চাপড়িয়ে নিজের বোকামির জন্য বাচ্চাদের শোকে কেঁদে কেঁদে বুক ভাসালো।

শাম্মি আফরোজ
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৩

আমার প্রিয় বন্ধু

বন্ধু এমন একটি জিনিস যা সবাই হতে পারে। রক্তের সম্পর্ক ছাড়াও আর একটি সুন্দর সম্পর্ক বন্ধুত্ব। সবাই বন্ধুত্বের মূল্য দিতে পারে না। বন্ধুত্বের মর্যাদা দিতে পারে না। বন্ধু তো সেই জন যে বিপদে পাশে থাকে, সাহায্যের হাত বাড়িয়ে দেয়। বন্ধু মানে ছোট ছোট চাওয়া পাওয়া। বন্ধু মানে কাছে থাকলে ঝগড়া আর দূরে গেলে মিস করা। বন্ধু হতে হবে মনের মতো।

আমার নাম শাম্মী। আমি ষষ্ঠ শ্রেণিতে পড়ি। আমার প্রিয় বন্ধুর নাম আফছানা। আমি ওকে খুব ভালোবাসি। আফছানার সাথে আমার বন্ধুত্ব খুব বেশি দিনের নয়। প্রায় দুই বছরের। গত বছরে যখন আমি পঞ্চম শ্রেণিতে পড়ি। তখন আমার প্রিয় বন্ধু বলতে কেউ ছিল না। বন্ধু ছিল তবে আমাকে বোঝার মত, আমার কষ্ট শেয়ার করার মতো কেউ ছিল না। প্রায় সবসময় মন খারাপ থাকতো আমার। হাসি কি জিনিষ আমি ভুলে গিয়েছিলাম। নিজেকে খুব একা মনে হতো। একটা ভালো বন্ধুর অভাব খুব অনুভব করতাম। এমন সময় আফছানা আমার জীবনে বন্ধু হয়ে এলো। ওর সাথে প্রতিদিন একসাথে বসতাম, একসাথে গল্প করতাম। আস্তে আস্তে আমাদের বন্ধুত্ব প্রিয় বন্ধুত্বে রুপান্তর হলো। কিন্তু আমাদের এই বন্ধুত্বটা হওয়ার পেছনে একজন আছে। আর তিনি হলেন আমাদের নাছমিত ম্যাম। তাঁরই কারণে আজ এই রকম ভালো একটা বন্ধু পেয়েছি।

কিন্তু নাছমিত ম্যাম বর্তমানে আর আমাদের স্কুলে নেই। এখন আমি আর আগের মতো একা থাকি না, কষ্টে থাকি না। আফছানা আমাকে হাসতে শিখিয়েছে। আমার মনের যত কথা আমি ওর সাথ শেয়ার করি। ওর সাথে মাঝে মাঝে প্রচুর ঝগড়া হয়। কিন্তু সেই জগড়া বেশিক্ষণ থাকে না। আমরা একে অপরের সাথে কথা না বলে থাকতে পারি না। জীবনের যতই খারাপ সময় আসুক আমি ওর সাথে তা শেয়ার করি। আমি ওকে নিজের চেয়েও বেশি ভালোবাসি। সৃষ্টিকর্তা যেন ওকে আমার জীবনে উপহার হিসাবে পাঠিয়েছে। ওকে পেয়ে আমি অনেক খুশি। আমি চাই আমাদের বন্ধুত্ব যেন মৃত্যুর আগ পর্যন্ত থাকে।
শুধু কাছে থাকলেই যে বন্ধু হওয়া যায় এমনটা নয়, দূরে থেকে বন্ধুত্বের ভালোবাসা প্রকাশ পায়। আমরা যদি কখনো একে আপরের থেকে দূরে যাই তারপরেও যেন আমাদের বন্ধুত্বের বাঁধন এক রকম থাকে। সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করি আমার বন্ধু যেন সবসময় ভালো থাকে।

মোছা. সুমাইয়া আক্তার মিম
শ্রেণিঃ ষষ্ঠ, শাখাঃ ডালিয়া
রোলঃ ২৯

শিক্ষা

শিক্ষা হলো এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে মানুষের অন্তর্নিহিত সত্তার পরিপূর্ণ বিকাশ ঘটে। ব্যক্তির দেহ মন-আত্মার বিকাশ সাধন করে ইতিবাচক পরিবর্তন আনে। অর্জিত জ্ঞান নিজেকে আত্মার প্রত্যয়ী ও সংস্কারমুক্ত করে তোলে। শিক্ষার উদ্দেশ্য হলো চরিত্রের বিকাশ, মানবীয় উৎকর্ষ সাধন করা, সু অভ্যাস গড়ে তোলা, মিথ্যার বিনাস আর সত্যের পথে অগ্রসর হওয়া। নৈতিক আচরণের উন্মেষ ঘটিয়ে পারস্পরিক শ্রদ্ধাবোধ জাগ্রত করা, উপলব্ধি করা, জ্ঞান নিজের মধ্যে প্রয়োগ করার নামই প্রকৃত শিক্ষা। নিজেকে জানা নিজের মাঝে আদর্শ মূল্যবোধ তৈরি করে তা সমাজে প্রসারিত করা। প্রকৃত শিক্ষা একটা জাতি গঠনের সভ্যতার উৎকর্ষ সাধনে ভূমিকা রাখে। অথচ বর্তমানে সার্টিফিকেট নির্ভর শিক্ষা ব্যবস্থা জাতিকে মেরুদণ্ডহীন করে তুলেছে। নৈতিক শিক্ষা, সামাজিক শিক্ষা, পারিবারিক শিক্ষা, কর্মমূখী শিক্ষার জোর দিতে হবে। মস্তিষ্কের সৃজনশীল উদ্ভাবনী ক্ষমতার বিকাশ ঘটাতে হবে এবং সেটা ব্যবহার করতে হবে বাস্তব জীবনে। মানবিক মূল্যবোধের বেশি বেশি চর্চা করলে হিংসা, হানাহানি, দুর্নীতি, শ্রেণি বৈষম্য, জাতি ভেদাভেদ দূর করে সুন্দর কল্যাণকর রাষ্ট্র গঠিত হবে।

তাহসিন রহমান মৌরী

শ্রেণি: ষষ্ঠ, শাখা: ডালিয়া

রোল: ০১

নাটকের মূল চরিত্র- খুশি ম্যাম, ফুলি ম্যাম, ছকিনা ম্যাম, (শরবত খান) প্রার্থী, হাসান

ফুলি - ভিতরে আসুন।
খুশি - বসুন।
(প্রার্থী বসলো চেয়ারের উপরে)
খুশি - একি আপনি উপরে বসলেন কেন? নিচে বসুন।
(প্রার্থী বসলো মাটিতে)
ছকিনা - আহা আমাদের মতো বসুন।
প্রার্থী - ঠিক আছে, বসলাম।
খুশি - তা আপনি কেমন আছেন?
প্রার্থী - (দাঁড়িয়ে) Fat Fati
ছকিনা, ফুলি- কী কী?
প্রার্থী - Fat মানে মোটা Fati মানে মুটি। সুতরাং Fat Fati মানে মোটামুটি।
ফুলি - ওওও....
খুশি - আপনার নাম কী?
প্রার্থী - শরবত খান
খুশি - হাসান.....শরবত আন তো।
(শরবত আনার পর)
এবার বলুন
প্রার্থী - শরবত খান
প্রার্থী - আরে ম্যাম। আমার নামইতো শরবত খান।
খুশি - বাবার নাম?
প্রার্থী - কফি আনান
খুশি - হাসান, কফি আন তো
(কফি আনার পর)
এবার বলুন
শরবত খান- আমার বাবার নামই তো কফি আনান।
খুশি - মা?
প্রার্থী - সইরা যান।
(খুশি ছকিনাকে বলছে)
খুশি - একটু সরো তে।
(ছকিনা সরতে সরতে মাটিতেই পরে গেল)
প্রার্থী - আহারে!
খুশি - আমি আপনার জন্মস্থান সম্পর্কে কিছু প্রশ্ন করতে চাই। গ্রাম?
শরবত - পুটিমারি
ফুলি - উপজেলা?
শরবত - শিংমারি
ফুলি - জেলা?
শরবত - ইলিশমারি
ফুলি - বিভাগ?
শরবত - বোয়ালমারি
ফুলি - বাহ! বাব্বাহ! দারুন তো! আপনি কোন বিষয় ভালো পারেন?
শরবত - বাংলা, ইংরেজি, গণিত, ভূগোল, ইতিহাস...
ফুলি - থাক আর বলার দরকার নাই।
খুশি - আচ্ছা, ডাক্তার আসিবার পূর্বে রোগিটি মারা গিয়েছিল। এর ইংরেজি কী?
শরবত - ম্যাম আমি আরবি আরো ভালো পারি। বলি? (মাথায় হাত দিয়ে) ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন। ইংরেজি- Suppose রোগীকে ICU তে নিয়ে যাওয়া হলো কিন্তু ডাক্তার নেই। হঠাৎ করে আসল ঢুকলো বের হলো আর বললো- He is no more (বাড়ির লোকের কাঁধে হাত দিয়ে)
খুশি - আপনি তো ভালো ইংলিশ জানেন। বলুন মেয়েটি নিচে দাঁড়িয়ে আছে।
শরবত - Miss under standing.
শরবত - Miss- মেয়ে, under- নিচে, standing- দাড়িয়ে আছে। সুতরাং Miss under standing- মেয়েটি দাড়িয়ে আছে।
খুশি - খুব ভালো
ছকিনা - আপনি গণিত কেমন পারেন? বলুন ৮০ থেকে ৯০ পর্যন্ত।
প্রার্থী - ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ঊনআশি, আশি।
ছকিনা - আশি?
প্রার্থী - এ ম্যাম ৮০ই হবে।
ছকিনা - দাড়াও, আমি দেখাচ্ছি। একাশি, বিরাশি, তিরাশি, চুরাশি, পঁচাশি, ছিয়াশি, সাতাশি, আটাশি, উনআশি, আশি।
ফুলি, খুশি- আশিই হবে।
ফুলি- আপনি কোন কোন শহরে ঘুরেছেন?
(ব্যাগ থেকে লিস্ট বের করে)
প্রার্থী- ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, রংপুর...
ফুলি- আর লাগবে না।
খুশি- বিপরীত শব্দ বলুন: আসুন
প্রার্থী- যান
খুশি- খাও
প্রার্থী- খাও না
খুশি- (ছকিনা ও ফুলিকে বলছে) চলবে না।
প্রার্থী- (শব্দ করে) চলবে।
খুশি- এই কে আছো, একে নিয়ে যাও।
প্রার্থী- এই কে আছো, একে ভিতরে নিয়ে আসো।
খুশি- এই আপনি এইরকম করছেন কেন?
প্রার্থী- ম্যাম আমি তো শুধু বিপরীত শব্দ বলছি।
খুশি- আপনি এখন যান।
প্রার্থী- ওকে
(অর্ধেক রাস্তা থেকে ফিরে এসে, ম্যাম আমার চাকরিটা?
খুশি, ফুলি, ছকিনা- হবে না।

সমাপ্ত

মো. শিরহান
শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ১২

চিড়িয়াখানা ভ্রমণের অভিজ্ঞতা

চিড়িয়াখানায় বেড়ানোর ব্যাপারটা ছোটদের ভালো লাগলেও অনেকের কাছে ততটা ভালো লাগে না। কারণ সারি সারি খাঁচায় বনের মুক্ত পশু-পাখিকে আটকে রাখা একরকম অমানবিক বিষয়। তাই ছোটবেলার চিড়িয়াখানা বেড়াতে যাওয়ার ঘটনা মনে পড়ে। ছোট বেলায় বেশ কয়েকবার চিড়িয়াখানায় বেড়াতে গিয়েছি। তার মধ্যে এক দিনের কথা বলছি-

ডিসেম্বর মাস। বার্ষিক পরীক্ষা শেষ হওয়ার পর চলছে দীর্ঘদিনের ছুটি। আমি তখন ৪র্থ শ্রেণিতে পড়ি। আমার বাবা থাকে ঢাকায়। আমি গাইবান্ধায় পড়াশুনা করি। তো আমার ছোট বোনেরও স্কুল বন্ধ হওয়ায় ঢাকায় চলে যাই। আমাদের আসার কথা শুনে ফুফু আমাদের দেখতে এলেন। আমার দুই ফুফাতো ভাই আছে। একজন আমার থেকে বড় আর একজন ছোট। সেই সময় বাবা বললো তোমরা ঢাকার কোথায় বেড়াতে চাও। আমরা সবাই বলে উঠলাম চিড়িয়াখানায় যাব। বাবা বললেন ঠিক আছে। আগামী শুক্রবার আমরা সবাই ঘুরতে যাব।

আমরা সবাই অনেক আগ্রহের সাথে অপেক্ষা করছিলাম। চলে এলো শুক্রবার। খুব ভোরে ঘুম থেকে উঠলাম আমি। আমাকে উঠতে দেখে বাকি ছোটরাও উঠে পরলো। ডিসেম্বর মাসের শীতের সকাল। বড়রা ঘুম থেকে ওঠার আগেই আমরা হাত-মুখ ধুয়ে নিলাম। তারপর বড়রা উঠলো। সবাই একসঙ্গে নাস্তা করলাম। সকাল আটটা, আমরা গাড়িতে করে মিরপুর চিড়িয়াখানায় যাওয়ার জন্য রওনা হলাম। মা এবং ফুফু অনেক রকমের খাবার সঙ্গে নিলেন। শুক্রবার ঢাকার রাস্তায় কোন যানজট ছিল না বলে মাত্র ২৫ মিনিটে আমরা চিড়িয়াখানায় পৌঁছে যাই। আমরা সবাই চিড়িয়াখানায় প্রবেশের জন্য অপেক্ষা করছিলাম। সেই সময় বাবা সবার জন্য টিকিট কিনে আনলেন। গোল দরজা দিয়ে একজন একজন করে আমরা সবাই প্রবেশ করি। সরু ইটের রাস্তা। দু'পাশে সবুজ গাছপালা। প্রথমেই ছিল বানরের খাঁচা। বিশাল বানরের খাঁচায় অসংখ্য বানর লাফালাফি করছে। বড়, ছোট, মাঝারি বিভিন্ন ধরনের বানর। দেখলাম বড় বানর ছোট বানরদের মাথা থেকে উকুন তুলে খাচ্ছে। কোনটা আবার এক হাত গাছের ডালে দিয়ে ঝুলে আছে। সেকি লাফালাফি আর কিচিরমিচির। চিড়িয়াখানায় অনেক দর্শনার্থী। মনে হলো বানরের খাঁচার সামনে বেশি ভিড়। খাঁচার বাহির থেকেই মানুষেরা বানরদের বিভিন্ন রকম খাবার দিচ্ছে।

চিড়িয়াখানায় একে একে আমরা হরিণ, গরিলা, সজারু, হাতি, জেব্রা দেখলাম। সব খাঁচার সামনে একটি সাইনবোর্ড আছে। সেই সাইনবোর্ডে সকল প্রাণীর নাম, উৎপত্তিস্থল, কত বছর বেঁচে থাকে বিভিন্ন তথ্য। হঠাৎ আমার কানে একটি হিংস্র গর্জন ভেসে আসে। আমি বুঝতে পারলাম এটা রয়েল বেঙ্গল টাইগারের ডাক। তারপর আমরা বাঘের খাঁচার সামনে যাই। দেখলাম বিশাল দেহ নিয়ে ২টি বাঘ খাঁচায় বসে আছে। মাঝে মাঝে হাটাহাটি করছে। বইয়ে পড়া বাঘকে বাস্তবে দেখে আমি অনেক অবাক হয়েছিলাম। এরপর বড় একটি ডোবার মধ্যে কুমির দেখলাম। কুমিরের বেষ্টনীও ছিল বিশাল। এরপর অজগর, উটপাখি, শকুন, চিল, ঈগলসহ নানা রং বেরঙের পাখি দেখলাম। পাখি দেখার পর চলে যাই পশুর রাজা সিংহের খাঁচার কাছে। কেশর ফুলিয়ে বসে আছে সিংহরাজ। দুপুরে খাওয়া-দাওয়ার পর পশুপাখির জাদুঘর দেখতে গেলাম। সেখানে পশুপাখির বিভিন্ন জিনিস সংরক্ষিত আছে। জাদুঘরের মধ্যে ঢুকেই দেখলাম তিমি মাছের বিশাল কঙ্কাল, যা আমাকে ভয় পাইয়ে দেয়। দেখলাম সাপের ডিম, উটপাখির বিশাল ডিম। বাবা বললেন উটপাখির ডিম অনেক শক্ত।

চিড়িয়াখানা ঘুরতে ঘুরতে আমরা সবাই ক্লান্ত হয়ে পরি। পড়ন্ত বিকেলে আমরা বাসায় ফেরার প্রস্তুতি নেই। আমার তো চিড়িয়াখানা থেকে যেতেই ইচ্ছা করছিল না। চিড়িয়াখানা থেকে বেড়িয়েই দেখলাম কিছু লোক ময়ূর পাখির পাখা বিক্রি করছে। আমি এবং আমার ভাই-বোনেরা সবাইকে বাবা একটি করে পাখা কিনে দিলেন। তারপর আমরা সবাই বাড়িতে যাওয়ার উদ্দেশ্যে রওনা দেই।

চিড়িয়াখানা বেড়িয়ে পশু পাখির সম্পর্কে বিশাল জ্ঞান অর্জন করলাম। তাদের বৈজ্ঞানিক নাম জানলাম। তাদের প্রজাতি, খাদ্য তালিকাসহ বিভিন্ন তথ্য জানলাম। যা চিড়িয়াখানায় না গেলে অর্জন করতে পারতাম না।

মো. আরিফ হাসান
শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ৩৯

ধৈর্যের ফল

একদা এক গ্রামে এক পাতিশিয়াল বাস করত। কিছুদিন খাবার না পেয়ে শেয়ালের পেটটা একে বারে চুপসে গেলে সে একদিন বাধ্য হয়ে খাবারের সন্ধান বেড়িয়ে পড়ল। পথে যেতে যেতে হঠাৎ তার চোখে পড়ল একটা ওক গাছের খোঁড়লে বেশ কিছু রুটি আর মাংস রাখা আছে। রাখাল বালকের কেউ হয়তো পরে খাবে বলে রেখে দিয়েছে। পাতিশিয়ালটা ওই খাবার দেখেই খোঁড়লের ভিতরে ঢুকে পড়লো। আর গদ গদ করে খাবারগুলো সব পেটে পুড়লো। ফলে তার পেটটা হয়ে উঠলো দারুণ মোটা। এবার সে আর খোঁড়ল থেকে বেরোতে পারলো না। অনেক চেষ্টা করেও সে বেরোতে পারলো না। তার পর সে কেঁউ কেঁউ করে কাঁদতে লাগলো। পথ দিয়ে তখন আরেকটা শিয়াল যাচ্ছিলো। যেতে যেতে খোঁড়লে পড়া শেয়ালকে কাঁদতে দেখে বলল- কী হলো ভাই? তুমি কেঁউ কেঁউ করে কাঁদছো কেন? খোঁড়লে আটকে পড়া পাতিশিয়ালটা তখন মুশকিলের কথা খুলে বলল। তখন পথচারী শেয়াল বলল, ওহ তাই বুঝি! তা একটু সবুর কর। তোমার পেট যখন আগের মতো হয়ে যাবে তখন অনায়াসে তুমি এই খোঁড়ল থেকে বেড়িয়ে আসতে পারবে।

খাদিজা তুর তাহেরা
শ্রেণি: একাদশ (মানবিক)
রোল: ৮০

ভুল পথ থেকে ফেরা

গত গ্রীষ্মের ছুটিতে আমরা সবাই নানু বাড়ি বেড়াতে গিয়েছিলাম। আমার নানু বাড়ি মুন্সিগঞ্জ। সেখানে গিয়ে আমরা অনেক মজা করেছিলাম। একদিন আমরা সবাই যখন উঠানে বসে গল্প করছিলাম, তখন আমার খালামনি বলল, তোমাদের সবাইকে একটা ঘটনা বলি-

আমাদের বাড়ির পাশে একটি সুন্দর গ্রাম ছিল। সেই গ্রামে বাস করত একটি ছোট্ট পরিবার। মা ও তার দুই সন্তান নিয়ে ছিল সেই পরিবারটি। বড় ছেলের নাম ছিল রাফসান এবং ছোট ছেলের নাম রনি। আর মা রাজিয়া খানম তার স্বামীর অকাল মৃত্যুতে খুবই ভারাক্রান্ত। তিনি খুব কষ্ট করে নিজের উপার্জন দিয়ে সন্তানদের লেখাপড়ার খরচ চালান। এক সময় রাজিয়া খানম তার বড় ছেলে রাফসানের ভবিষ্যতের কথা চিন্তা করে নানীর বাড়িতে পাঠিয়ে দেন পড়া-লেখার জন্য। কিন্তু সেখানে সে পড়ালেখা করতে গিয়ে দুষ্ট ছেলেদের সাথে মিশে খারাপ হয়ে যায়। এর ফলস্বরূপ তার পরীক্ষার ফলাফলও খারাপ হতে থাকে। তার মা তাকে ভালো হওয়ার জন্য অনেক পরামর্শ দেয়। কিন্তু তারপরও তার অবস্থার কোনো পরিবর্তন ঘটে না। এতে তার মা খুব কষ্ট পায় কিন্তু রাফসান তার মায়ের কষ্টকে বুঝতেই চায় না।

এদিকে রাজিয়া খানম তার ছেলের চিন্তা করতে করতে হঠাৎ একদিন অসুস্থ হয়ে পড়ল। তখন রাফসানের বার্ষিক পরীক্ষা চলছিল। রাফসান খবর পেল যে তার মা অসুস্থ। কিন্তু তারপরও রাফসান তার মাকে একটিবার দেখার প্রয়োজন বোধ করল না। এদিকে রাজিয়া খানম তার ছেলের আসার প্রতিক্ষায় ব্যাকুল হয়ে আছে। কখন ছেলে আসবে সেই আশায় প্রহর গুনছে।

এভাবে অনেকদিন কেটে গেল। একদিন রাফসান তার মাকে স্বপ্নে দেখল, তার মা তাকে বলছে, রাফসান তুমি তোমার লক্ষ্যের দিকে এগিয়ে যাও। সবসময় আল্লাহকে স্মরণ কর। খারাপ বন্ধুকে এড়িয়ে চল, অসৎ পথ ত্যাগ করো, এতে তোমার মঙ্গল হবে। আল্লাহ তোমাকে সাহায্য করবেন। আল্লাহ হাফেজ।

এরকম স্বপ্ন দেখার পর মায়ের কথা খুব মনে পড়ে রাফসানের। এর কিছুক্ষণ পর বাড়ি থেকে ফোন আসে। সে ভয়ে ভয়ে টেলিফোন ধরে এবং খবর পায় তার মা চিরদিনের জন্য পৃথিবী থেকে বিদায় নিয়েছে। এই খবর শোনামাত্র সে অনুভব করে তার কাছ থেকে কি যেন হারিয়ে গেছে। সে তখন বুঝতে পারল তার মা তাকে যে কথাগুলো বলেছিল সব তার ভালোর জন্যই। মায়ের মৃত্যু তার মধ্যে এমন মনোভাব সৃষ্টি করে যে, সে সম্পূর্ণ বদলে যায়। এরপর থেকে যখনই তার মাকে কষ্ট দেওয়ার কথা মনে পড়ে তখনই রাফসান আল্লাহকে স্মরণ করে। আর প্রতিদিন সে তার মায়ের কবরের কাছে গিয়ে তার জন্য মোনাজাত করে। এখন তারা দুইভাই তাদের নানী বাড়ি থেকেই পড়ালেখা করে। রাফসান এবং রনি এখন মা-বাবাকে হারিয়ে খুবই একা। সে এখন বুঝেছে মা বাবাকে হারানো কতটা কষ্টের। মা বাবা সন্তানের মাথার উপরে ছাতার মতো।

তাই আমাদের সবসময় উচিত বাবা মায়ের কথা মেনে চলা। মা-বাবা আমাদের যে কথাগুলো বলেন সব আমাদের ভালোর জন্যই। এখন রাফসান খারাপ সঙ্গ ছেড়ে দিয়েছে। মনোযোগ দিয়ে লেখাপড়া করে এবং পরীক্ষায় ভালো ফলাফল করে।

খালামনির কাছে এ গল্প শোনার পর আমার মনের ভেতরও তোল-পাড় হতে থাকে। এরপর থেকে আমারও পরিবর্তন হতে থাকে।

মো. মেহেরাব হাসান মাহিদ
শ্রেণি: সপ্তম, শাখা: ডালিয়া
রোল: ১১

গণিত স্যারের অঙ্ক শেখানোর কৌশল

এক ধনী ব্যক্তির দুই ছেলে ছিল। ছেলেটিকে পড়ানোর জন্য একজন গণিত শিক্ষক ছিল। ঐ ধনী ব্যক্তি শিক্ষককে বলেছিলেন, "ছেলেদের যেন তাদের ইচ্ছা অনুযায়ী অঙ্ক শেখানো হয়।" তাই স্যার তাঁর ছেলেদের ইচ্ছা অনুযায়ী অঙ্ক শেখাতেন। একদিন দুই ভাই-ই ভাবল যে, তারা সেদিন অঙ্ক শিখবে না। তাই গণিত শিক্ষক আসার সাথেই তারা বললো যে, "স্যার আমরা আজ অঙ্ক করবো না। স্যার জিজ্ঞেস করলেন, "তোমরা তাহলে কি করবে?" তারা বললো, স্যার আমরা আজ ঘুরতে যাবো। স্যার বললেন, আচ্ছা ঠিক আছে। চলো আমরা ঘুরতে যাই। বনে গিয়ে স্যার বড় ছাত্রটিকে বললেন, আচ্ছা হাসিম মেজবা বলে তো গাছের ডালে কতটি পাখি বসে আছে? হাসিম মেজবা উত্তর দিল, স্যার ডালটিতে ৭টি পাখি বসে আছে। এরপর স্যার হাসিম মেজবাকে জিজ্ঞাসা করলো, বলতো হাসিম মেজবা ডালটি থেকে ২টি পাখি উড়ে যায় তবে আর কতটি পাখি থাকবে? হাসিম মেজবা যখনই বলতে ধরলো যে স্যার ৫টি পাখি আছে। ঠিক ছোট ভাই সাদিক বললো ভাইয়া! ভাইয়া! বলিস না। স্যার অঙ্ক শেখাচ্ছে।

মো. লুৎফর রহমান মাহ্‌দী
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া
রোল: ০৫

জীবন সংগ্রামী এক নারী

শহরের পৌর মার্কেটের সামনের রাস্তা ধরে সারাদিনের কাজ শেষে কর্মজীবী এক ক্ষুধার্ত নারী হেঁটে হেঁটে বাড়ি ফিরে যাচ্ছিলেন। চলতে চলতে পথের পাশে বসা এক ডিম সিদ্ধ বিক্রেতার সামনে গিয়ে দাঁড়ালেন।

বিক্রেতাকে প্রশ্ন করলেন- একটা সিদ্ধ ডিমের দাম কতো?

বিক্রেতা- ১৬ টাকা।

কর্মজীবী মহিলা বিক্রেতাকে অনুরোধ করলেন ১০ টাকায় দেওয়া যাবে?

বিক্রেতা- দুঃখিত, দেওয়া যাবে না।

কিছু সময় ভেবে যখনি তিনি বিদায় নেবেন তখন পাশে দাঁড়িয়ে ওনাদের কথোপকথন অনুসরণ করা একজন ব্যক্তি বিক্রেতাকে বললেন, ওনাকে ১টি সিদ্ধ ডিম দিন। আমি দাম পরিশোধ করবো। মহিলাটি ডিমটি খেয়ে ১০ টাকা দাম পরিশোধ করতে চাইলে উনি তাকে বাঁধা দিয়ে নিজেই ১৬ টাকা পরিশোধ করলেন। তারপর কর্মজীবী মহিলাটি বাড়ির উদ্দেশ্যে রওনা হলেন।

ঘটনাটি আমাকে ভাবিয়ে তুলল। কেন উনি বাসায় গিয়ে হাত-মুখ ধুয়ে আরাম করে খেয়ে না নিয়ে রাস্তার পাশেই খেয়ে নিলেন। কিছুক্ষণ ভেবে হয়েতো বুঝতে পারলাম বিষয়টা এমন যে- সারাদিন এত খাটুনির পর বাসায় ফিরে রান্না করা অনেক ঝামেলার একটি কাজ। তাই হয়তো তিনি এমনটা করেছেন।

অভাব, কষ্ট, অযত্ন, অবহেলা অনেক সময় আমাদের নিদারুণ বাস্তবতার মাঝে দাঁড় করিয়ে দেয়। যেখানে কোন ভালোলাগা, ভালোবাসার মতো অনুভূতিগুলো হাড়িয়ে যায়। যেন সময় কেটে গেলেই বাঁচি...এরূপ অবস্থা।

তবে আমাদের একটু সচেতনতা, সাহায্য করার মতো ইচ্ছাই বদলে দিতে পারে এরূপ মানুষের অন্ধকারাচ্ছন্ন জীবন। মানুষের পাশে দাঁড়ানের চেয়ে বেশি আনন্দ আর কিসে পাওয়া যায়? আমার জানা নেই। একটু ভাবুন, দেখবেন আপনি নিজেই হয়তো হয়ে উঠবেন অনিক কালজয়ী গল্পের রচয়িতা। সুখ, আনন্দ এরা কোথায় থাকে? হোটেল, রেস্টুরেন্ট, ফ্ল্যাট বাড়িতে? নাকি আকাশসম প্রাসাদে? আমার জানা নেই। তবে হয়তো আসল আনন্দ লুকিয়ে থাকে ভালো কাজের মধ্যেই। আর মানুষের পাশে দাঁড়ানোর চেয়ে ভালো কাজ আর কি কিছু হতে পারে? এটা হতে পারে আপনার কর্মক্ষেত্রে, বাসায়, পথে-ঘাটে যে কোন জায়গায়। আপনার আমার অজান্তেই। হয়তো মহান সৃষ্টিকর্তা নিজেই উপভোগ করেন এমন দয়ালু কাজ। কার, তাঁর কাছে তাঁর সৃষ্টি উপকৃত হবে এমন কিছু দেখার চেয়ে মহান আর কি কিছু আছে?

মো. রিফাত হাসান রিয়াদ
শ্রেণি: নবম, শাখা: ডালিয়া
রোল: ৩৪

কাঁচ আবিষ্কার

আজ থেকে বহু বছর পূর্বে কাঁচ নামক একটি বস্তুর আবিষ্কার হয়। কাঁচ বহু বছর পূর্বে আবিষ্কার হয়। কিন্তু মানুষ কাঁচের পরিপূর্ণ ব্যবহার পরে করতে সক্ষম হয়। আজ কাঁচ গবেষণার জন্য একটি গুরুত্বপূর্ণ সামগ্রী হিসেবে বিবেচিত। কাঁচ আবিষ্কারের সূচনা ঘটে মরু অঞ্চল থেকে। মরু অন্যতম জায়গা মিশর, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ইত্যাদি জায়গা। কাঁচ আজ থেকে বহু পূর্বে মরু অঞ্চলের বিভিন্ন জায়গা হতে উদ্ধার করা হয়। প্রচণ্ড তাপদাহে মরুভুমির বালু গলে গিয়ে কাঁচ নামক ধাতু বা বস্তুর উৎপত্তি হয়।

আজ থেকে বহু বছর পূর্বে সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতে চার জন বিখ্যাত বাণিজ্যিকের একটি দল ছিল। চারজন বাণিজ্যিক একত্রিত হয়ে 'কাআচ' নামক বাণিজ্য কেন্দ্র প্রতিষ্ঠা করেন। চারজন বাণিজ্যিক একসাথেই নতুন নতুন রাষ্ট্রে তাদের বাণিজ্য বিস্তারের জন্য বিভিন্ন রাষ্ট্রে ভ্রমণ করে থাকেন। সেই সময় মানুষ সবে মাত্র আধুনিক যুগের দিকে অগ্রসর হচ্ছিল। সেই সময়ের মানুষ তখনও বিভিন্ন প্রান্তে নতুন নতুন ভূখণ্ড আবিস্কার করছিল।

চারজন ব্যবসায়ী তাদের দল নিয়ে বেরিয়েছেন নতুন অজানা জায়গার অনুসন্ধানে বা নতুন বাণিজ্য কেন্দ্র খুঁজতে। তারা সৌদি আরবের কম উষ্ণ স্থান থেকে বহু দূরে উচ্চ তাপমাত্রার উষ্ণ স্থানের দিকে যাত্রা শুরু করলেন। অতিরিক্ত তাপদাহের কারণে আগে কেউ সেখানে যাওয়ার চেষ্টা করেনি। চার ব্যবসায়ী ও তার দল এগোতেই থাকে। দীর্ঘ সময় ভ্রমণের কারণে তারা ক্লান্ত হয়ে পড়ে। তারা যে জায়গায় ছিল সেখানকার তাপমাত্র ছিল খুবই বেশি। তাই তারা আর এগোনোর সাহস পেল না। সেখানেই একটি খেজুর বাগানে তারা বিশ্রাম নেওয়ার জন্য থামলো এবং এক রাত অতিবাহিত করলো। পরবর্তী দিন ছিল আরো অধিক গরম। খেজুর বাগানে থাকার কারণে তারা স্বস্থি অনুভব করছিল। চারজন ব্যবসায়ী মরুভুমির আরো ভিতরে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। কিন্তু দলের অন্যান্য লোকেরা যেতে অস্বীকার করলো। তারা বললো " আরো ভিতরে গেলে মারা যাওয়ার সম্ভাবনা আছে"। কিন্তু চারজন ব্যবসায়ী আরও ভিতরে যাওয়ার সিদ্ধান্তে অটল থাকলো। কারণ তারা যে উদ্দেশ্যে অর্থ ব্যয় করেছেন সেই উদ্দেশ্য পূরণ হয়নি। সুতরাং দলের লোকদের বিদায় দিয়ে প্রয়োজনীয় সামগ্রী নিয়ে তারা মরুভুমির আরও ভিতরে ঢুকতে শুরু করলো। গভীর মরুভুমির তাপমাত্রা খুবই বেশি ছিল। তাদের নিয়ে আসা সমস্ত পানি ফুরিয়ে গেছে। এদিকে প্রচণ্ড গরমে তারা পিপাসিত হয়ে পড়ে। তারা খুব দ্রুত মরুভুমির আরো ভিতরে ঢুকতে থাকে যদি কোন শীতল জায়গা খুঁজে পায়। বহুদূর যাওয়ার পর তারা একটি পাহাড় দেখতে পায়। তারা পাহাড়ের দিকে অগ্রসর হয়। পাহাড়ের ভিতর একটি গুহা ছিল। তারা পাহাড়টি গুহায় প্রবেশ করলো। এই পাহাড়টি ছিলে উত্তপ্ত মরুভুমি থেকে বেশ খানিকটা দূরে, ফলে পাহাড়ের এলাকা ছিল তুলনামূলক শীতল। গুহার ভিতর দিয়ে যেতে যেতে তারা একটি বিশাল সরোবরোর কাছে পৌঁছে যায়। তারা সরোবর হতে পানি পান করে তাদের পিপাসা মেটায়। তারা সরোবরের পানিতে তাদের প্রতিবিম্ব দেখতে পায়। চারজন ব্যবসায়ী সারাদিন গুহায় বিশ্রাম নেন কিন্তু রাত হলে তারা নিজেদের রাষ্ট্রে ফেরার জন্য রওয়ানা দেন। রাত দশটা নাগাদ তারা মরুভুমির সবচেয়ে উত্তপ্ত জায়গায় পৌঁছান। তারা দেখেন সারা মরুভুমি আলোকিত হয়ে গেছে। সেদিন পূর্ণিমার রাত ছিল। তারা আরও এগিয়ে গেলেন এবং দেখলেন অদ্ভূত কিছু বস্তু। যার উপর চাঁদের আলো প্রতিফলিত হয়ে সারা মরুভুমি আলোকিত হয়ে গেছে। তাদের মধ্যে একজন একটি ছোট টুকরা মুখের সামনে ধরলেন এবং সেই বস্তুতে তার প্রতিবিম্ব দেখে আশ্চর্য হয়ে গেলেন। সরোবরে তারা পানিতে প্রতিবিম্ব দেখেছিল কিন্তু এটা কি এমন বস্তু পানি নয় তবুও প্রতিবিম্ব দেখা যাচ্ছে।

চারজন ব্যবসায়ী কিছু অদ্ভুদ বস্তু নিলেন তাদের রাষ্ট্রে নিয়ে যাওয়ার জন্য। চারজন ব্যবসায়ী অনুমান করলেন, প্রচণ্ড তাপমাত্রায় মরুভুমির বালু গলে এ অদ্ভূদ বস্তুর সৃষ্টি হয়েছে। চারজন ব্যবসায়ীর মধ্যে একজন বললেন ভাইয়েরা এই বস্তুটি আমরা আবিষ্কার করেছি সুতরাং এই বস্তুটির একটি নাম দিতে হবে। সবাই চিন্তা করার পর সিদ্ধান্তে পৌঁছালেন যে, আমরা চারজন এটি আবিষ্কার করেছি তাই এমন নাম দেওয়া উচিৎ যাতে আমাদের চারজনের নামই উল্লেখ থাকবে। পরবর্তীতে তারা সিদ্ধান্ত নিলেন যেহেতু তাদের বাণিজ্যক প্রতিষ্ঠানের নাম "কাআচ" তাই এই নামানুসারে এই বস্তুর নাম হবে "কাআচ"।

কিছুদিন পরে তারা তাদের রাষ্ট্রে ফিরে আসেন। তারা দেশের জ্ঞানী লোকদের সেই অদ্ভুদ বস্তু দেখান যার নাম তারা দিয়েছিলেন "কাআচ"। জ্ঞানী লোকেরা বিভিন্ন প্রয়োগ ও গবেষণার পর সিদ্ধান্তে আসেন। এটি একটি অমূল্য সম্পদ। যা আমাদের উন্নত দেশ গড়তে প্রচুর সহায়তা করবে। তারা আরও গবেষণা চালাতে থাকেন। পরবর্তীতে বিশ্বের বিভিন্ন দেশের শাসকদের তারা 'কাআচ' উপহার দেন এবং এর গুরুত্ব সম্পর্কে বলেন। বিভিন্ন বাদশাহ ও সম্রাট মরুভুমি থেকে সমস্ত 'কাআচ' উদ্ধার করেন।

এরপর এটি সারা বিশ্বে ছড়িয়ে পড়তে থাকে। লোকেরা উচ্চারণ ভেদে কালক্রমে এই 'কাআচ' নাম থেকে সবাই "কাচ" উচ্চারণ শুরু করে। বর্তমানে এটি "কাঁচ" হিসেবে পরিচিত। বহু গবেষণার পর বর্তমানে আমরা কাঁচ তৈরি ও এর পরিপূর্ণ ব্যবহার করতে সক্ষম হয়েছি।

নুরি আরশি লিসা
শ্রেণি: দ্বাদশ, শাখা: ডালিয়া
রোল: ১০

স্মৃতির পাতা

মানুষের জীবনে স্মৃতি ভালো হোক কিংবা খারাপ সবসময়ই মানুষকে তাড়িত করে। আমার জীবনে কিছু স্মৃতি রয়েছে যা আমাকে বারবার স্মরণ করিয়ে দেয় কলেজ জীবনে ফেলে আসা রঙিন দিনগুলোর কথা। দিনটি ছিল ১০ই ফেব্রুয়ারি সময়টি এমন ছিল, সবেমাত্র দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি। শীতের আমেজ এখনও কাটেনি বললেই চলে। সবার মনে বেজে উঠেছে ছুটির ঘণ্টা। অর্থাৎ সবকিছু থেকে বেড়িয়ে একটি দিন বনের মুক্ত পাখির মতো খোলা আকাশে উড়োনোর সমতুল্য আনন্দ। আমাদের কলেজ কর্তৃক সিদ্ধান্ত হয়েছে এবার আমরা শিক্ষা সফরে যাব রামসাগর, দিনাজপুর। যেই কথা সেই কাজ, ওমনি শুরু হয়ে গেল শিক্ষা সফরের পূর্ব পরিকল্পনা। গুনতে গুনতে অপেক্ষার প্রহর শেষ।

১০ই ফেব্রুয়ারি, সেদিন যেন ভোরে পাখিদের কিচির মিচির আওয়াজ শুনতে না শুনতেই আমার ঘুম ভেঙ্গে গিয়েছিল। মনের মধ্যে খুব উত্তেজনা কাজ করছে। সকাল ৭টায় আমরা সকলে কলেজ প্রাঙ্গণে উপস্থিত হই। এরপর সকালের নাস্তা শেষ করে ৬টি বাস যোগে রওনা হই। গন্তব্য রামসাগর, দিনাজপুর। যাত্রাপথে আমরা বেশ কয়েকটি দর্শনীয় স্থান লক্ষ্য করি, গোবিন্দগঞ্জ এর সাঁওতাল পল্লী, নয়াবদ মসজিদ, দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। যাত্রাপথে পুরোটা সময় যেন হৈ-হুল্লোর করে কেটেছে। পরিশেষে পৌঁছে গেলাম রামসাগর। দিনাজপুর জেলা শহর থেকে প্রায় ৮ কি.মি দক্ষিণে তাজপুর গ্রামে অবস্থিত এই রামসাগর দিঘীটি।

ধারণা করা হয় পলাশীর যুদ্ধের পূর্বে (১৭৫০-১৭৫৫) খ্রিস্টাব্দের মধ্যবর্তী প্রচণ্ড এক খরা দেখা দিলে পানির অভাবে মৃত্যু হয় হাজার হাজার প্রজার। তৎকালীন রাজা প্রাণনাথ স্বপ্নাদেশ পেয়ে এই বৃহৎ দিঘীটি খনন করেন। যা বাংলাদেশের সর্ববৃহৎ মানব সৃষ্ট দিঘী হিসেবে পরিচিতি। স্বপ্নাদৃষ্ট রাজা তার পুত্র যুবরাজ রামনাথ এর নাম অনুসারে এই দিঘীর নামকরণ করেন রামসাগর। পুকুরটি খনন করতে কাজ করেছিল প্রায় ১৫ লক্ষ শ্রমিক এবং অর্থ ব্যয়ের পরিমান ছিল প্রায় ৩০ হাজার টাকা। তবে রাম সাগরকে কেন্দ্র করে প্রচলিত রয়েছে নানান লোককথা। জানা অজানা অনেক ইতিহাস। যেহেতু রামসাগরের আয়তন ৩৭, ৪৯২ বর্গ কি.মি.তাই পায়ে হেঁটে এটিকে প্রদক্ষিণ করা সম্ভব ছিল না তাই ভ্যান গাড়ি যোগে পুরো রামসাগর দিঘির চারপাশটা ঘুরে দেখলাম । চিড়িয়াখানায় হরিণ দেখেছিলাম। পুরোনো একটি মন্দিরও চোখে পড়ল ও বানর দেখেছিলাম, বিশাল আকারের এক অজগর সাপও দেখছিলাম। এরপর আমরা সবাই একসাথে দুপুরের আহার শেষ করলাম যদিও বেলা গড়িয়ে তখন বিকেল হয়ে গেছে। আহার করে কিছুক্ষণ পর এবার আমরা রওনা হলাম দিনাজপুর রাজবাড়ির উদ্দেশ্যে।

এই রাজবাড়িটি যেন আজও বহন করে শত শত বছর পূর্বের ইতিহাস। অপরূপ সে কর্মকার্য অপরূপ সে স্থাপনা। সময় স্বল্পতার কারণে খুব বেশিক্ষণ অবস্থান করা সম্ভব হয়নি দিনাজপুর রাজবাড়িতে বিকেল গড়িয়ে সন্ধ্যা হয়ে এসেছে, এবার ফিরবার পালা। আমরা গাইবান্ধার উদ্দেশ্যে রওনা হলাম।

সারাটা দিন বন্ধুদের সাথে ঘোরাঘুরি বন্ধুদের সাথে জীবনের কাটানো মুহূর্ত গুলো আমার স্মৃতির পাতায় যেন একটি রঙিন দিন। হঠাৎ মা এসে ডাকল চেতনায় ফিরে এসে বুঝলাম আয়াতকে আমার কলেজ জীবনের পুরোনো কিছু ছবি দেখাতে গিয়ে আমি কল্পনায় ফিরে গিয়েছিলাম আমার ফেলে আসা স্মৃতির আঙ্গিনায়।

আফিফা নুঝাত তূবা
শ্রেণিঃ একাদশ (মানবিক), শাখাঃ
রোলঃ ৪২

সাফল্যের চাবিকাঠি আত্মবিশ্বাস

মানুষের মনে শক্তি অসীম। তবে এ শক্তিকে কাজে লাগাতে প্রয়োজন নিজের ওপর বিশ্বাস অর্থ্যাৎ আত্মবিশ্বাস আমি পারি আমি পারবো, এ বিশ্বাস যে সাফল্যের জন্য কত গুরুত্বপূর্ণ তা বলার অপেক্ষা রাখে না। বিশ্বাসের দ্বারা মানুষ কত অসাধ্য যে সাধন করেছে তার উদাহরণ পৃথিবীতে অজস্র রয়েছে, এটি বোঝানোর জন্য দু'একটি উদাহরণ যথেষ্ট। হাজার বছর ধরে দৌড়বিদরা ৪ মিনিটে এক মাইল দৌড়ানোর প্রচেষ্টা চালিয়ে ব্যর্থ হয়ে সিদ্ধান্ত নিয়ে ছিলেন যে এটা সম্ভব নয়। কিন্তু আশ্চর্য ঘটনা, রজ ব্যানিস্টার প্রথম ৪ মিনিটে এক মাইল দৌড়ের রেকর্ড স্থাপন করলেও ঠিক ৬ সপ্তাহ পর জনল্যান্ডি ২ সেকেন্ডের ব্যবধানে ব্যানিস্টারের রেকর্ড ভেঙেছিলেন, তাহলে আপনারাই চিন্তা করুন শুধু বিশ্বাস দিয়ে বিশেষজ্ঞদের সিদ্ধান্ত ভুল প্রমাণিত করা যায়। শুধু দৌড় বা কোন প্রতিযোগিতা নয়, জীবনের সর্ব-ক্ষেত্রেই এই বিশ্বাস এমন এবং শক্তির প্রতীক যার কোন যৌক্তিক সীমানা নাই। সেখানেই রয়েছে গভীর বিশ্বাস। পৃথিবীতে যারা বিত্তবান হয়েছেন, ধনকুবের বলে পরিচিতি পেয়েছেন, তাদের কজনই বা সোনার চামুচ মুখে দিয়ে জন্মেছেন? তাদের শতকরা ৯০ জন এসেছেন অত্যন্ত সাধারণ পরিবার থেকে। বলা যায়, মার্কিন ধনকুবের এন্ডকার্নিগির কথা, তিনি ছিলেন বস্তির সন্তান। ১২ বছর বয়সে তিনি গিয়েছিলেন এক পাবলিক পার্কে প্রবেশ করতে, কিন্তু দারোয়ান তার নোংরা আর মলিন পোশাকের জন্য পার্কে প্রবেশ করতে দেয়নি। তিনি তখন প্রতিজ্ঞা করেছিলেন যেদিন তার টাকা হবে সেদিন তিনি পার্কটি কিনে নিবেন। ৩০ বছর পর তার প্রতিজ্ঞা পূরুণ করেছিলেন, তিনি সে পার্কটি কিনে নিয়েছিলেন এবং সাইনবোর্ডে লিখেদিয়েছিলেন "আজ থেকে দিন বা রাতে যে কোন মানুষ যে কোন পোষাকে এই পার্কে প্রবেশ করতে পারবেন"। মৃত্যুর আগে তিনি তার সমস্ত সম্পদ জনহিতকর কাজে দান করে যান। এমন অনেক আত্ম বিশ্বাসের ক্ষমতার অজস্র উদাহরণ দেওয়া যায়।

আমরা যুক্তিনিষ্ঠ আর বিজ্ঞানমনস্ক হলেও এদের মত মনের শক্তিতে বিশ্বাসী হতে হবে। আমাদের সম্ভাবনাও অনন্ত, আমরাও এদের মত অমূল্য সম্পদের অধিকারী কিন্তু "আমরা" এসব বিষয় গুলোতে পুরোপুরি সচেতন নই। এই সম্পদ হলো আমাদের মন, আমাদের বিশ্বাস। নিউরো সাইন্টিস্টরা বলেন মানব মস্তিষ্ক সর্বাধুনিক সুপার কম্পিউটারের চেয়ে কমপক্ষে ১০ লক্ষ্যগুন বেশি ক্ষমতা সম্পন্ন, আমরা যদি এই অমূল্য সম্পদের যথাযথ ব্যবহার না করি তবে আমাদের হত-দরিদ্র আর ব্যর্থ জীবন নিয়ে থাকতে হবে। সাধারণরা এই ব্রেনের ৪/৫ শতাংশ ব্যবহার করেছেন অন্যদিকে প্রতিভাবান ব্যক্তিরা এই ব্রেনের ১০/১৫ শতাংশ ব্যবহার করে পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়েছেন। আমরাও যদি এই বিশ্বাসকে কাজে লাগিয়ে মন ও মস্তিষ্কে ব্যবহার করতে পারি, তাহলে আমরাও নিঃসন্দেহে খ্যাতিমান, বিত্তবান ও সুফল মানুষ হয়ে উঠতে পারবো ইন্‌শাআল্লাহ।

মো. নিয়ামুল হাসান নোমান
শ্রেণিঃ একাদশ (মানবিক), শাখাঃ
রোলঃ ২৮

পুত্রের প্রতি পিতার নসীহত

হযরত লোকমান (আঃ) বিখ্যাত হাকীম ছিলেন। কুরআন পাকেও তাহার নসীহত সমূহ উল্লেখ করা হইয়াছে। তিনি একজন কালো হাবশী গোলাম ছিলেন। আল্লাহ তায়ালার দয়ায় তিনি হাকীম লোক-মান হইয়া গেলেন। আল্লাহ তায়ালা তাকে এখতিয়ার দিয়ে ছিলেন যে, হেকমত ও রাজত্ব এই দুইয়ের মধ্যে যে কোনো একটি তোমার ইচ্ছা গ্রহণ করিয়া লও। তিনি হেকমতকে গ্রহণ করিয়া নিলেন। তিনি তার সম্পূর্ণ জীবন দশায় তার পুত্রকে অসংখ্য নসীহত করে গেছেন। উহা বড় আশ্চর্যজনক। সেই সকল নসীহত হইতে কিছু নসীহত :-

(১) বেটা! উলামাদের মজলিসে বেশি বেশি বসিও এবং বিজ্ঞ লোকেদের কথা গুরুত্ব সহকারে শুনিও।

(২) বেটা! যে ব্যাক্তি মিথ্যা বলে, তাহার চেহারার সৌন্দর্য চালিয়া যায়। যাহার অভ্যাস খারাপ হইবে, তাহার উপর দুশ্চিন্তা সওয়ার হইবে।

(৩) বেটা! যখন পেট ভরা থাকে, তখন খাইও না। পেট ভরা অবস্থায় খাওয়ার চাইতে কুকুরকে দিয়া দেওয়া ভাল।

(৪) বেটা! তুমি এত মিষ্টি হইও না যে, মানুষ তোমাকে গিলিয়া ফেলে। আর এত তিক্ত হইও না যে, মানুষ তোমাকে থুথুর মত ফেলিয়া দেয়।

(৫) বেটা! তুমি মোরগের চাইতে বেশি অক্ষম হইও না। সে তো শেষ রাত্রিতে জাগিয়া চিৎকার শুরু করিয়া দেয়, আর তুমি নিজের বিছানায় পড়িয়া ঘুমাইতে থাক।

(৬) বেটা! তওবা করিতে দেরি করিও না। কেননা, মৃত্যুর নির্ধারিত কোন সময় নাই। যে কোন সময় উহা হঠাৎ আসিয়া পড়ে।

(৭) বেটা! মূর্খের সহিত বন্ধুত্ব করিও না। এমন না হয় যে, তাহার মূর্খতাসুলভ কথাবার্তা তোমার ভাল লাগিতে আরম্ভ করে।

(৮) বেটা! করজ হইতে নিজেকে হেফাজতে রাখিও। কেননা, ইহা দিনের বেলায় অপমান এবং রাত্রিতে দুশ্চিন্তা।

(৯) বেটা ! আল্লাহর রহমতের উপর এই পরিমাণ আশা রাখ, যেন গুণাহ্ করিবার সাহস না হয়।

(১০) বেটা! যখন গুনাহ করিতে চাও, তখন এমন জায়গা তালাশ কর যেখানে আল্লাহ এবং তাঁহার ফেরেশতাগন দেখিতে পান না।

(১১) বেটা! গুরুত্ব সহকারে জানাযায় শরীক হইও- এবং অহেতুক অনুষ্ঠানাদিতে শরীক হওয়া থেকে বাঁচিয়ে থাকিও।

(১২) বেটা! মিথ্যা হইতে নিজেকে হেফাজত রাখ। মিথ্যা বলা পাখির গোশতের মত স্বাদ তো মনে হয়। কিছু অতি সত্তর উহা মিথ্যাবাদীর ব্যক্তির সহিত শত্রুতার কারণ হইয়া দাঁড়ায়।

(১৩) বেটা! নেক আমল আল্লাহ তালার সহিত একীন ব্যতীত হইতে পারে না। একীন দূর্বল হইলে আমল দূর্বল হইবে।

(১৪) বেটা! 'রব্বিগ ফিরলী'। অধিক পরিমাণে পড়িতে থাক।

আশরাফী আলম সঙ্গী
শ্রেণিঃ অষ্টম, শাখাঃ ডালিয়া
রোলঃ ০৪

খাদ্য গ্রহণে আমাদের সচেতনতা

পৃথিবীতে যেসব আহার্য উপাদান জীবদেহের বৃদ্ধি, শক্তি উৎপাদন, রোগ প্রতিরোধ এবং ক্ষয়পুরণ করে তাকে খাদ্য বলে। মানুষের বেঁচে থাকার অন্যতম মৌলিক চাহিদা হলো খাদ্য। নিরাপদ খাদ্য প্রাপ্তি প্রত্যেক মানুষের অধিকার। তবে সেই খাদ্য অবশ্যই নিরাপদ এবং ভেজালমুক্ত হতে হবে। নিরাপদ খাদ্যের অন্যতম শর্ত হচ্ছে পুষ্টিগুণ সঠিক রাখা, পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং খাদ্য প্রস্তুত ও সংরক্ষণে সকল ধরনের নিয়ম বা আইন মেনে চলা।

আমরা দেশের লাখ লাখ মানুষ প্রতিনিয়ত রাস্তাঘাট, ফুটপাত, লঞ্চ স্টিমার, বাস স্ট্যান্ড, স্টেশন, হোটেল-রেস্তোরায় খাবার খেয়ে থাকি। মুখরোচক এইসব খাবারের মান নিয়ে বরাবরই প্রশ্ন ওঠে। কারণ, আমরা প্রায়ই এসব খাবার খেয়ে নানাভাবে অসুস্থ ও স্বাস্থ্য-সমস্যার সম্মুখীন হই। রাস্তাঘাটে অস্বাস্থ্যকর পরিবেশে এসব খাদ্যসামগ্রীতে মেশানো হচ্ছে মানবদেহের জন্য ক্ষতিকর রং ও রাসায়নিক উপাদান। একটি গবেষণা থেকে জানা গেছে, রাস্তা বা ফুটপাতে যেসব খাবার তৈরি ও বিক্রি হয়, তার ৯০ শতাংশই স্বাস্থ্যসম্মত নয়। রাস্তার পাশে খোলা স্থানে তৈরি করা এসব খাদ্যসামগ্রীতে দূষিত পানি ও ভোজ্যতেলের একাধিকবার ব্যবহার এবং পরিমাণের চেয়ে বেশি রং অথবা রাসায়নিক উপাদান ব্যবহার স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকি। বাতাসে ধুলাবালি, গাড়ির কালো ধোঁয়া, অপরিচ্ছন্ন হাত ও পরিধেয় বস্ত্র থেকে জীবাণু সংক্রমণ হয়ে খাদ্য অনিরাপদ হয়। অন্যদিকে শহর এবং গ্রামে বাণিজ্যিকভাবে উৎপাদিত খামারে মাছ অথবা হাঁস-মুরগি কিংবা ডিম উৎপাদনের ক্ষেত্রে বিষাক্ত বর্জের ব্যবহার অহরহ। কম মূল্যে এসব রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারে খাদ্যের উৎসই অনিরাপদ হয়ে উঠছে। ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখতে নিরাপদ খাদ্য গ্রহণের বিকল্প নেই এটি জানার পরও শুধুমাত্র আর্থিক লোভের আশায় একে অপরকে মারাত্মক স্বাস্থ্যঝুঁকিতে ফেলছি। অনিরাপদ খাদ্য গ্রহণের ফলে মানুষের শরীরে পেটের পীড়া, ডায়রিয়া, বমি, জ্বর, আমাশয়, টাইফয়েডসহ নানা ধরনের অসুস্থতা দেখা দেয়। ফলে একটি পরিবারের আয়ের একটি বড় অংশ চিকিৎসার জন্য খরচ করতে হয় যেটি দরিদ্র্য, মধ্যবিত্ত অথবা যেকোনো পরিবারের জন্য কষ্টকর। ফলে সংসারের খরচের উপর চাপ বেড়ে যায় এবং মানুষের পরিবারের ব্যয়ের হিসাব একই রকম থেকে যায়।

আমাদের সমাজে নিরাপদ খাদ্য প্রাপ্তিতে রয়েছে অস্বস্তি। এমন অবস্থার নিরসন হওয়া জরুরি। বর্তমান প্রেক্ষাপটে নিরাপদ খাদ্য গ্রহনে জনসচেতনতা ও নিরাপদ খাদ্য আইন প্রয়োগ দুর্বল। এক্ষেত্রে একজন সচেতন ভোক্তা হিসেবে নিরাপদ খাদ্য গ্রহণে আমাদের করণীয় আমাদেরকেই ঠিক করতে হবে। কোন ভুল ও মিথ্যা চাটুকর বিজ্ঞাপনে প্রতারিত হওয়া থেকে সতর্ক থাকতে হবে। খাদ্য সংরক্ষণ বা মজুদ করার সময় সঠিক পদ্ধতি অনুসরণ করতে হবে। সার্বিকভাবে আমাদেরকে খাবার ক্রয়কালীণ পছন্দের ওপর স্বাস্থ্যসম্মত ও নিরাপদ খাদ্য গ্রহনের প্রতি গুরুত্ব দিতে হবে। পারিবারিকভাবে আমাদের সচেতনতার অংশ হিসেবে নিরাপদ খাদ্য গ্রহণের ক্ষেত্রে ৫টি গুরুত্বপূর্ণ নির্দেশনা মেনে চলা আমাদের জন্য আবশ্যিক। যেমন- (১) খাবার প্রস্তুত ও গ্রহণের ক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।

(২) খাদ্যবাহিত রোগ প্রতিরোধে কাঁচা ও রান্না করা খাদ্য আলাদা করে রাখা।

(৩) সঠিক তাপমাত্রায় খাবার রান্না করতে হবে। খাদ্যের কেন্দ্রস্থ তাপমাত্রা ৭০ ডিগ্রি সেঃ এ ন্যূনতম ২ মিনিট জাল করতে হবে।

(৪) পারিবারিকভাবে খাবার ফ্রিজে সংরক্ষণের ক্ষেত্রে তৈরিকৃত খাদ্য দ্রব্য ফ্রিজে নরমালে ৫ ডিগ্রি সেঃ এর নিচের এবং ডিপে দীর্ঘসময় সংরক্ষণের ক্ষেত্রে ১৮ ডিগ্রি সেঃ এর নিচের তাপমাত্রায় রাখতে হবে।

(৫) নিরাপদ পানিদ্বারা শাক-সবজি ফলমুল পরিষ্কার করে নিতে হবে।

সুতরাং খাদ্যের নিরাপদ সংরক্ষণ পারিবারিক সচেতনতার গুরুত্ব অপরিসীম। আরও গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, খাবারের উৎস থেকেই খাবার নিরাপদ রাখতে হবে। কারণ যিনি খাদ্য বিক্রেতা অথবা মজুদকারী অজান্তে তাঁর পরিবারের সদস্যরাও অনিরাপদ বিষাক্ত খাদ্য খেয়ে অসুস্থ হতে পারে। মনে রাখতে হবে যে, আপনার আমার ঠিকানা হাসপাতাল নয়। আমাদের সকলের ঠিকানা হোক আপন ঘর।

ড. অনামিকা সাহা
উপাধ্যক্ষ

বছরক্রান্তিতে হালখাতা

"বছর শেষে ঝরা পাতা বলল উড়ে এসে, একটি বছর পেরিয়ে গেল হাওয়ার সাথে ভেসে"। বাঙালি সংস্কৃতির গভীরে প্রোথিত এক সর্বজনীন প্রাণের উৎসব পহেলা বৈশাখ। নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখে অতীতের কথা ভুলে গিয়ে আমরা নতুনের আহ্বানে সঞ্জীবিত হয়ে উঠি। নববর্ষ আমাদের জীবনে নিয়ে আসে নতুন স্বপ্ন, বেঁচে থাকার নবীন আশ্বাস। প্রাত্যহিক কাজকর্মের পরিবর্তে এই দিনে বাঙালির ঘরে ঘরে চলে উৎসবের আমেজ-ঘরবাড়ি পরিষ্কার হয়, সবাই পরিধান করে নতুন পোশাক-পরিচ্ছদ, আয়োজন চলে পান্তা-ইলিশের, সবাই দল বেঁধে যায় বৈশাখী মেলায়। বস্তুত, নববর্ষ মিশে আছে বাঙালির সত্তার সঙ্গে, আমাদের নিজস্ব সংস্কৃতির সঙ্গে। সংস্কৃতি হচ্ছে জীবনের দর্পণ। এটা নিরন্তর চর্চার বিষয়। আমরা যা ভাবি, পছন্দ করি এবং যা প্রতিদিনের জীবনাচরণে প্রতিফলিত হয় তা-ই আমাদের সংস্কৃতি। সংস্কৃতি মানে নিজস্বতা নিয়ে সুন্দরভাবে বিচিত্রভাবে বেঁচে থাকা।

বাঙালির আর্থ-সামাজিক-সাংস্কৃতিক জীবনে বাংলা নববর্ষের গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম। সাংস্কৃতিক পরিচয়, জাতিসত্তার ঠিকানা এবং প্রতিবাদের শক্তি-উৎস হিসেবে নববর্ষের যেমন ভূমিকা রয়েছে, তেমনি রয়েছে তার অর্থনৈতিক গুরুত্ব। বাঙালির অর্থনৈতিক জীবনের সঙ্গে নববর্ষের রয়েছে একটি নিবিড় সংযোগ। দূর অতীতে নববর্ষের প্রথম দিন থেকেই বাঙালির অর্থনৈতিক জীবনের বার্ষিক নতুন পথচলা শুরু হতো-এখনো কোনো কোনো ক্ষেত্রে প্রচলিত আছে এই ঐতিহ্য। ব্যবসায়ীদের কাছে এ অনুষ্ঠান 'হালখাতা' নামে পরিচিত। হালখাতা হল পহেলা বৈশাখ উপলক্ষে পালিত একটি উৎসব যাতে গত বছরের সমস্ত হিসাব-নিকাশ শেষ হয় এবং একটি নতুন খাতা খোলা হয়। এটি বাঙালি দোকানদার এবং ব্যবসায়ীদের দ্বারা পালন করা হয়। হালখাতা হলো বছরের প্রথম দিনে দোকানপাটের হিসাব আনুষ্ঠানিকভাবে হালনাগাদ করার প্রক্রিয়া। বছরের প্রথম দিনে ব্যবসায়ীরা তাদের দেনা-পাওনার হিসাব সমন্বয় করে এদিন হিসাবের নতুন খাতা খোলেন। এজন্য ক্রেতাদের বিনীতভাবে পাওনা শোধ করার কথা স্মরণ করিয়ে দেওয়া হয়; শুভ হালখাতা কার্ড-এর মাধ্যমে ঐ বিশেষ দিনে দোকানে আসার নিমন্ত্রণ জানানো হয়। এই উপলক্ষে নববর্ষের দিন ব্যবসায়ীরা তাদের ক্রেতাদের মিষ্টিমুখ করান। ক্রেতারাও তাদের সামর্থ্য অনুযায়ী পুরোনো দেনা শোধ করে দেন। আগেকার দিনে ব্যবসায়ীরা একটি মাত্র মোটা খাতায় তাদের যাবতীয় হিসাব লিখে রাখতেন। এই খাতাটি বৈশাখের প্রথম দিনে নতুন করে হালনাগাদ করা হতো। হিসাবের খাতা হাল নাগাদ করা থেকে "হালখাতা"-র উদ্ভব। বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ছোট-বড় মাঝারি যেকোনো দোকানেই এটি পালন করা হয়ে থাকে। হালখাতা অনুষ্ঠানের মাধ্যমে ক্রেতা-বিক্রেতার মাঝে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের সেতুবন্ধন তৈরি হয়।

বছরক্রান্তিতে সনাতন ধর্মাবলম্বী হিসেবে এই হালখাতা অনুষ্ঠানটির সাথে নিবিড় পরিচয়ের সুযোগ হয় আমার ছেলেবেলায়। আমার বাবা পেশায় একজন ক্ষুদ্র ব্যবসায়ী ছিলেন। পহেলা বৈশাখের সকালে নতুন বস্ত্র পরিধান করে সিদ্ধিদাতা গণেশ ও বিত্তের দেবী লক্ষ্মীর পূজা করা হতো এই কামনায় যে, সারা বছর যেন ব্যবসা ভাল যায়। দেবতার পূজার্চনার পর তার পায়ে ছোঁয়ানো সিঁদুরে স্বস্তিকা চিহ্ন অঙ্কিত ও পয়সা দিয়ে শ্বেত ও রক্ত চন্দন এবং কাঁচা হলুদ চর্চিত খাতায় নতুন বছরের হিসেব-নিকেশ আরম্ভ করা হতো। হালনাগাদের খাতাটি ছিল লাল রঙের সালু কাপড়ের মলাটে মোড়ানো। দুই-তিন ভাঁজ করে তার উপর ফিতা দিয়ে বেঁধে রেখে হাত বিনিময় হতো। এই খাতাটিই ছিলো সারা বছরের যাবতীয় হিসাব বিবরণীর নথি।। এই দিন ক্রেতাদের আনন্দদানের জন্য মিষ্টান্ন, নাড়ু, সন্দেশ, ঠান্ডা পানীয় প্রভৃতির ব্যবস্থা করা হতো। আমাদের গ্রামে অনেক ব্যবসায়ী অক্ষয় তৃতীয়ার দিনেও হালখাতা বা শুভ মহরত অনুষ্ঠান করতেন।

নববর্ষের প্রথম দিনে বাংলাদেশের অনেক অঞ্চলে কৃষিকাজের সূচনা হয়। হয়তো মাঠ চাষের অনুপযোগী, বৃষ্টির জন্য কৃষক আকাশের দিকে তাকিয়ে, তবু নববর্ষ এলে শুভ-সূচনার উৎস হিসেবে তিনি মাঠে যান, সামান্য চাষ করে নতুন বছরের কৃষিকাজ শুরু করে দেন। এভাবে বাংলার কৃষিভিত্তিক অর্থনৈতিক জীবনের সঙ্গেও নববর্ষের রয়েছে আত্মিক সম্পর্ক। নববর্ষের সঙ্গে অন্য যে প্রসঙ্গটি নিবিড়ভাবে জড়িত, তা হলো বৈশাখী মেলা। নববর্ষে বাংলাদেশের গ্রামে-গঞ্জে, প্রত্যন্ত অঞ্চলে বসে মেলা। বৈশাখ মাসজুড়ে চলে এই মেলা। কোথাও বা তিনদিন বা সাতদিনের মেলাও বসে। এসব মেলায় নিত্যপ্রয়োজনীয় জিনিস বিক্রি হয়, বিক্রি হয় নানা ধরনের খেলনা। এসব মেলায় যাত্রা, পুতুল নাচ ও সার্কাস বসে, গ্রামীণ জীবনে দেখা দেয় নতুন উৎসাহ-উদ্দীপনা। অতীতে, বাংলার সামন্তযুগে, নববর্ষের সঙ্গে 'পুণ্যাহ' অনুষ্ঠানের আয়োজন হতো। এই অনুষ্ঠানে প্রজা সাধারণ জমিদারকে খাজনা পরিশোধ এবং নতুন বছরের খাজনা প্রদানের সূত্রপাত করত। জমিদারতন্ত্রের অবসানের ফলে এ প্রথা এখন উঠে গেছে।

"তুমি, নির্মল করো, মঙ্গল করে মলিন মর্ম মুছায়ে ॥
তব, পূণ্য-কিরণ দিয়ে যাক্, মোর
মোহ-কালিমা ঘুচায়ে" ---------- রজনীকান্ত সেন।

নববর্ষের পূণ্য কিরণে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের জীবন নির্মল হোক। এই প্রত্যাশায়--------
শুভ নববর্ষ-১৪৩০।

মোহাম্মাদ শিশির তালুকদার
প্রভাষক
ইংরেজি

"সাফল্যের রহস্য"

এ জগতে বহু সফল মানুষের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যাবে, অনেকে অতি সহজে সাফল্য লাভ করেছেন, অনেকে করেছেন অতি কষ্টে। অবশ্য প্রত্যেকের সাফল্যের পিছে একাধিক কারণ থাকতে পারে। তার মধ্যে উল্লেখযোগ্য প্রধান যে কারণে মানুষ সফল হয়, তাকে তার সাফল্যের রহস্য বলা যেতে পারে। তার মধ্যে একটি হল সততা ও সত্যবাদিতা। অভিজ্ঞগণ বলেন, 'কোনও কাজ নিষ্পত্তি করার দৃঢ় অঙ্গীকার করতে হয় দুটি তত্ত্বের উপর। সে দুটি হল: সততা ও বিজ্ঞতা। যদি তোমার আর্থিক ক্ষতিও হয়, তবু তোমার অঙ্গীকারে দৃঢ় থাকার নামই সততা। আর বিজ্ঞতা হচ্ছে, যেখানে ক্ষতি হবে সেই রকম বিষয়ে অঙ্গীকারবদ্ধ না হওয়া। প্রতিশ্রুতি পালনে বদ্ধপরিকর হলে মানুষের সততা প্রকাশ পায়। আর তারই উর্বর মাটিতে উদ্‌গত হয় সাফল্যের কচি কিশলয়। পক্ষান্তরে মিথ্যাবাদিতা, ধোঁকাবাজি, প্রতারণা, দুর্নীতি প্রভৃতি মানুষকে সাফল্যের পথ প্রদর্শন করে না।

প্রাচীন কালে প্রাচ্যের এক দেশের রাজা অতি বৃদ্ধ হয়ে পড়লে তিনি ঠিক করলেন, এবার দেশের পরবর্তী রাজা তিনি নিজেই নির্বাচন ক'রে যাবেন। কিন্তু তিনি এ নির্বাচনে একটি অভিনব পন্থা অবলম্বন করলেন।
তিনি রাজ-পরিবারের কাউকে নির্বাচন করলেন না।
নৈকট্যপ্রাপ্ত কোন মানুষকেও না।

তিনি তাঁর দেশের বাছাই করা যোগ্য তরুণদেরকে রাজদরবারে উপস্থিত করলেন। তাদেরকে আপ্যায়ন করে বললেন, "আমি বৃদ্ধ হয়ে গেছি। এখন এ দেশের একটি নতুন রাজা নির্বাচনের সময় এসেছে। আমি আশা করব, সে রাজা হবে তোমাদেরই মধ্য হতে একজন। তবে আমি একটি পরীক্ষার মাধ্যমে তাকে এখতিয়ার করব।"

অতঃপর রাজা তাদের প্রত্যেকের হাতে একটি করে কোন গাছের বীজ দিয়ে বললেন, 'এই বীজটি তোমরা প্রত্যেকে নিজ নিজ টবে রোপণ করবে। অতঃপর রীতিমতো তার সিঞ্চন ও পরিচর্যা করবে। তারপর এক বছর পরে তোমরা আমার সাথে ঠিক এই জায়গায় দেখা করবে। আমি তোমাদের মধ্যে যার গাছ সুন্দর ও ফুল-ফলে সুশোভিত দেখব, তাকে এ রাজ্যের রাজা নির্বাচন করব।' তরুণদের মধ্যে একজনের নাম ছিল লঞ্জ। খুশীতে মাতোয়ারা হয়ে বীজ নিয়ে বাড়ি ফিরে মায়ের কাছে সব কথা খুলে বলল। মা কাজটিকে অতি সহজ মনে করল। যেহেতু তার বাড়িতে এমনিই কত গাছ টবে লাগানো আছে এবং ফুল-ফলে সুশোভিত আছে। বড় আনন্দের সাথে ছেলেকে আশা প্রদান করল। ছেলের গাছ লাগানোতে পরিপূর্ণ সহযোগিতা করল। প্রত্যহ তার যথাযথ সিঞ্চন করতে ও যত্ন নিতে লাগল। যাতে তার ছেলে দেশের পরবর্তী রাজা হয় এবং সে হয় রাজমাতা।

কিন্তু কোথায়? রাজা হওয়ার স্বপ্ন দেখতে দেখতে তিন সপ্তাহ অতিবাহিত হয়ে গেল। লঞ্জের টবে রোপিত বীজ অঙ্কুরিত হল না। মা ও ছেলে অবাক হল। ওদিকে অন্যান্যদের খবর নিতে শোনা গেল সকলের গাছ সুন্দরভাবে যথা নিয়মে বৃদ্ধিলাভ করছে। কেবল লঞ্জেরই চারা এখনও মাটি ঠেলে পৃথিবীর মুখ দেখল না।

কেন? কী ব্যাপার? লঞ্জ নিজেকে বিফল ও ব্যর্থ মনে করে হতাশায় ভেঙ্গে পড়ল। আরো কিছুদিন অতিবাহিত হলে সে ও তার মা নিশ্চিত হল যে, তাদের সেই বীজ থেকে কোন গাছ হবে না। যেহেতু পচে মাটির সাথে তা মিশে গেছে।

দেখতে দেখতে রাজার সাথে সাক্ষাতের দিন এসে উপস্থিত হল। সকলেই তাদের নিজ নিজ টবে সুন্দর সুন্দর ফুল-ফলে সুশোভিত গাছ নিয়ে রাজদরবারে উপস্থিত হল। সকলের গাছ ছিল প্রতিদ্বন্দ্বিতায় জেতার মতো। কিন্তু লঞ্জের টবে কোন গাছ ছিল না। সবাই আগেভাগে নিজ নিজ গাছ রাজার সম্মুখে পেশ করল। আর লঞ্জ ভর্ৎসনা ও লাঞ্ছনার ভয়ে সকলের পিছনে লুকোচুরি খেলছিল।

একটার পর একটা তরুণ নিজ নিজ গাছ প্রদর্শন করে দরবারের এক পাশে আসন গ্রহণ করল। পরিশেষে লঞ্জকে দেখা দিতেই হল । না জানি রাজা কী হুকুম করে বসেন, এই ভয়ে সে ভীত-সন্ত্রস্ত ছিল। হয়তো-বা তার গর্দানই কাটা যায়। তবুও সে নিজেকে প্রকৃতিস্থ করে রাজার সম্মুখে দণ্ডায়মাণ হল। রাজা তার দিকে এক নজর তাকিয়ে মুখ নামিয়ে জিজ্ঞাসা করলেন, কী নাম তোমার? লঞ্জ তার নাম বললে রাজা জিজ্ঞাসা করলেন, 'তোমার গাছ কোথায়?" সে বলল, মহাশয়! আমার বীজটি সম্ভবতঃ খারাপ ছিল। তাই অঙ্কুরিত হয়নি। সভাস্থ সকলেই হো-হো শব্দে হেসে উঠল। কিন্তু রাজা মশায় সকলকে চুপ থাকতে আদেশ করে বললেন, তোমরা তোমাদের দেশের নতুন রাজাকে মোবারকবাদ জানাও। সকলেই অবাক, হতবাক। খোদ লঞ্জও। কেউই এ কথা বিশ্বাস করতে পারছিল না। ব্যাপার কী?

রাজা মশায় রহস্যের ব্যাখ্যা দিয়ে বললেন, আমি এক বছর আগে তোমাদের প্রত্যেককে একটি করে বীজ দিয়ে বিশেষ প্রযত্নে গাছ ফলিয়ে দেখানোর কথা বলেছিলাম। কিন্তু এ কথা বলিনি যে, বীজগুলি গরম পানিতে সিদ্ধ করা এবং অঙ্কুরিত হওয়ার অযোগ্য।

